# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 25, 1433 Bangla, June 08, 2026, Monday, No. 153, 56th year

# H I G H L I G H T S

A Dhaka tribunal has awarded death penalty to accused Sohel Rana and his wife Swapna Akter over rape and murder case of child Ramisa Akter. [BBC: 03]

Law minister has said, govt. will take steps for quick disposal of Ramisa's case in higher court. [BBC: 04]

Prime Minister Tarique Rahman has stressed on developing skill, technology-based practical and job-oriented education system in country instead of certificate-based education. [Jago FM: 11]

Home Minister has said, efforts are being made to resolve 'push-in' issues through diplomatic discussions with India. [BBC: 05]

West Bengal and Assam have intensified their crackdown on illegal immigrants; India has requested Bangladesh to verify nationality of 2,860 individuals. [R. Today: 19]

Ad-din Medical College Hospital authority in Dhaka has announced that it will pay Tk 80 lakh in compensation to each of six families for death of their newborn babies at the hospital. [BBC: 04]

Seven more children have died from measles-like symptoms in country. [BBC: 04]

TIB report discloses that 605 murders, 196 kidnappings and 90 robberies recorded during last March and April. [BBC: 08]

Bangladesh Passengers' Welfare Association has informed that, 442 accidents occurred on roads, railways & waterways, claiming 438 lives across country during last Eid-ul-Azha. [BBC: 08]

Pakistan's Interior Minister has travelled to Iran to deliver special letter to Tehran's Supreme Leader to end US-Israeli war with Iran. [BBC: 21]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**জ্যৈষ্ঠ ২৫, বাংলা ১৪৩৩, জুন ০৮, ২০২৬, সোমবার, নং- ১৫৩, ৫৬তম বছর**

# শিরোনাম

ঢাকায় শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যার মামলার প্রধান আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না খাতুনকে মৃত্যুদণ্ড দিয়েছে ঢাকার একটি আদালত। [বিবিসি: ০৩]

আইনমন্ত্রী বলেছেন, উচ্চ আদালতে রামিসা মামলার নিষ্পত্তি যাতে দ্রুততম সময়ে করা যায়, সে ব্যাপারে কাজ করবে সরকার। [বিবিসি: ০৪]

সনদনির্ভর শিক্ষার পরিবর্তে প্রযুক্তিনির্ভর ও কর্মমুখী শিক্ষাব্যবস্থা গড়ে তোলার ওপর প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ । [জাগো নিউজ: ১১]

`পুশ-ইনের, বিষয়টি ভারতের সাথে আলোচনা করে সমাধানের চেষ্টা করা হচ্ছে -- জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী। [বিবিসি: ০৫]

অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে অভিযান জোরদার করেছে ভারতের পশ্চিমবঙ্গ ও আসাম রাজ্য সরকার, ২ হাজার ৮৬০ জন ব্যক্তির জাতীয়তা যাচাই করতে বাংলাদেশকে অনুরোধ। [রে. টুডে: ১৯]

রাজধানীর আদ্-দ্বীন হাসপাতালে অবহেলাজনিত কারণে মারা যাওয়া ছয় নবজাতকের পরিবারকে ৮০ লাখ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার আশ্বাস হাসপাতাল কর্তৃপক্ষের । [বিবিসি: ০৪ ]

দেশে হামের উপসর্গ নিয়ে আরও সাত শিশুর মৃত্যু। [বিবিসি: ০৪]

দেশে এ বছরের মার্চ ও এপ্রিল মাসে হত্যার ঘটনা ৬০৫টি, অপহরণ ১৯৬টি, ছিনতাইয়ের ৯০টি ঘটনা ঘটেছে, জানিয়েছে টিআইবি। [বিবিসি: ০৮]

ঈদুল আজহার সময় দেশে সড়ক, রেল ও নৌপথে ৪৪২টি দুর্ঘটনায় নিহত হয়েছেন ৪৩৮জন, জানিয়েছে যাত্রীকল্যাণ সমিতি। [বিবিসি: ০৮]

যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সাথে ইরানের মধ্যকার যুদ্ধ বন্ধে দেশটির সর্বোচ্চ নেতার কাছে বিশেষ চিঠি পৌঁছে দিতে পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর তেহরান সফর। [বিবিসি: ২১]

# বিবিসি

## শিশু রামিসা হত্যা মামলায় সোহেল-স্বপ্না দম্পতির মৃত্যুদণ্ড দিলেন আদালত

বাংলাদেশের রাজধানী ঢাকার পল্লবীর সাত বছরের শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যার মামলার প্রধান আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না খাতুনকে মৃত্যুদণ্ড দিয়েছেন ঢাকার একটি আদালত। এর ফলে নৃশংস ঘটনার ১৯ দিনের মাথায় চাঞ্চল্যকর এ মামলার রায় ঘোষণা করলেন বিচারিক আদালত। একইসঙ্গে আদালত সোহেল রানাকে ৫ লাখ ও তার স্ত্রীকে দুই লাখ টাকা অর্থদণ্ড দিয়েছেন। ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক আজ এ রায় ঘোষণা করেন। আদালতের রায় ঘোষণার পর রাষ্ট্রপক্ষের আইনজীবী আজিজুর রহমান সাংবাদিকদের বলেন, ”আদালত পরিষ্কারভাবে বলেছে, অটোপসি রিপোর্টে চিকিৎসক বলেছেন, ভিকটিম রামিসার দেহে ধর্ষণের আলামত পেয়েছেন। রায়ে আমরা সন্তুষ্ট। ট্রাইব্যুনাল অতি দ্রুততম সময়ে রায় ঘোষণা করেছেন।„ তিনি বলেন, ”আদালত রায়ের শুরুতে বলেছেন, শিশুদের অধিকার বা শিশুদের রক্ষা রাষ্ট্রের মৌলিক উদ্দেশ্যগুলোর একটি। অপরাধ হলে কোনো দয়া-দাক্ষিণ্য না দেখিয়ে দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। তারই নিমিত্তে ট্রাইব্যুনাল অপরাধীদের মৃত্যুদণ্ডে দণ্ডিত করেছেন।„ রায়কে কেন্দ্র করে পুরো আদালত এলাকায় ব্যাপক নিরাপত্তামূলক ব্যবস্থা নেয় পুলিশ। রায় ঘোষণাকে সামনে রেখে আজ সকালে দুই আসামিকে প্রিজন ভ্যানে করে এনে ঢাকা মহানগর দায়রা জজ আদালতের হাজতখানায় রাখা হয়।

গত ১৯ মে সকালে পল্লবীর মিরপুর-১১ নম্বর এলাকায় নিজেদের বাসার পাশের ফ্ল্যাটের একটি কক্ষ থেকে রক্তাক্ত ও খণ্ডিত অবস্থায় উদ্ধার করা হয় শিশু রামিসার মৃতদেহ। এ নিয়ে দেশজুড়ে তোলপাড়ের মধ্যে ঘটনার পরদিনই নিহত শিশুটির বাবা আব্দুল হান্নান মোল্লা বাদী হয়ে পল্লবী থানায় মামলা দায়ের করলে পুলিশ সোহেল রানা ও তার স্ত্রীকে আটক করে। নৃশংস এই হত্যা ও ধর্ষণের ঘটনার পর দেশজুড়ে নানা প্রতিবাদ কর্মসূচি পালন করেছে বিভিন্ন সংগঠন ও নানা শ্রেণি-পেশার মানুষ। তার ঘটনার সুষ্ঠু তদন্ত ও দ্রুত বিচারেরও দাবি জানিয়ে আসছে। এমন প্রেক্ষাপটে সরকারের পক্ষ থেকে প্রধানমন্ত্রী তারেক রহমান স্বরাষ্ট্র ও আইনমন্ত্রীকে সাথে নিয়ে ওই পরিবারের সাথে দেখা করে দ্রুত বিচারের আশ্বাস দিয়েছিলেন। ঢাকা মহানগর পুলিশ কমিশনারকে আগামী এক সপ্তাহের মধ্যে এই হত্যাকাণ্ডের তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। পরে ২৪ মে দুই আসামির বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দেয় পুলিশ। অভিযোগপত্রে সোহেল রানার বিরুদ্ধে ধর্ষণ, হত্যা ও আলামত নষ্টের অভিযোগ এবং স্বপ্না খাতুনের বিরুদ্ধে আলামত নষ্ট ও মিথ্যা তথ্য দেওয়ার অভিযোগ আনা হয়। এর পরেই মামলাটি বিচারের জন্য শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালে পাঠানোর আদেশ দেওয়া হয়। পরে ওই ট্রাইব্যুনালের বিচারক অভিযোগপত্র আমলে নিয়ে ১ জুন শুনানির তারিখ নির্ধারণ করেন। এরপর চার্জগঠন, সাক্ষ্যগ্রহণ, আত্মপক্ষ সমর্থন ও যুক্তিতর্ক শেষে মামলার রায় ঘোষণার দিন ধার্য করেন আদালত। রাষ্ট্র ও আসামিপক্ষের যুক্তিতর্কের শুনানির শেষ দিনে গত বৃহস্পতিবার আসামি সোহেল রানাকে দোষী হিসেবে তুলে ধরে নারী ও শিশু নির্যাতন দমন আইনে করা মামলায় তার সর্বোচ্চ শাস্তির দাবি জানান রাষ্ট্রপক্ষের আইনজীবী। সোহেল রানার অপরাধে সহযোগিতা ও বাধা না দেওয়ার বিষয় উল্লেখ করে তিনি আসামি স্বপ্না আক্তারের আইনি শাস্তির দাবি জানান। তিনি আদালতে শিশুটির বাবা ও মায়ের সাক্ষ্যও পড়ে শোনান। ওইদিন সচিবালয়ে এক অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, চার্জশিট দাখিলের পর পাঁচ থেকে সাত দিনের মধ্যে বিচারিক কাজ সম্পন্ন হবে।

চার্জশিটে এই ধর্ষণ ও হত্যা মামলায় প্রধান আসামি করা হয় সোহেল রানাকে। তার সহযোগী হিসেবে অভিযুক্ত করা হয়েছে তার স্ত্রী স্বপ্না আক্তারকে। পরে এই মামলার বিচারিক কার্যক্রম দ্রুত শেষ করতে বিশেষ পাবলিক প্রসিকিউটর (স্পেশাল পিপি) হিসেবে সুপ্রিম কোর্টের আইনজীবী মোহাম্মদ আজিজুর রহমান দুলুকে নিয়োগ দিয়েছে সরকার। এর আগে, আটকের পরে প্রধান আসামি সোহেল রানা ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারকের খাসকামরায় ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় দোষ স্বীকার করে জবানবন্দি দিয়েছিলেন প্রধান আসামি সোহেল রানা। মামলার অভিযোগ গঠনের পর গত ২ জুন প্রথম দিনের শুনানিতে ১৬ সাক্ষীর জবানবন্দি রেকর্ড করে আদালত। এদের মধ্যে রামিসার মা-বাবা ও মামলার তদন্ত কর্মকর্তাও রয়েছেন। এই মামলার এজাহারে বলা হয়েছিল, পপুলার মডেল হাইস্কুলের দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী রামিসাকে ঘরে নিয়ে ধর্ষণ করে সোহেল। পরে তিনি শিশুটির গলা কেটে মরদেহ কয়েক টুকরো করেন। শিশুটির চিৎকার শুনে পরিবারের সদস্য ও প্রতিবেশীরা যখন দ্রুত সেখানে যায়। কিন্তু এর আগেই, সোহেল রামিসার মরদেহ বিছানার নিচে লুকিয়ে রাখে। পরে টয়লেটের ভেতরে একটি বালতি থেকে মাথা উদ্ধার করা হয়। ঘটনার পর অভিযুক্ত সোহেল আত্মগোপনে গেলেও ঘটনার ১০ ঘণ্টার মধ্যেই নারায়ণগঞ্জের ফতুল্লা এলাকা থেকে তাকে গ্রেফতার করতে সক্ষম হয় পুলিশ। (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ আলী আহমেদ)

## তোফায়েল, মোশাররফ হোসেনসহ ১৬ জন মন্ত্রী ও সংসদ সদস্যদের মৃত্যুতে শোক প্রকাশ সংসদের

মন্ত্রী, সংসদ সদস্য ও বিশিষ্টজনদের মৃত্যুতে শোক জানিয়েছে ত্রয়োদশ জাতীয় সংসদ। রোববার বেলা ৩টায় স্পিকার হাফিজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে এই সংসদের বাজেট ও দ্বিতীয় অধিবেশন শুরু হয়েছে। অধিবেশনের প্রথম দিনে স্পিকার মি. আহমেদ ১৬ জন সাবেক মন্ত্রী, প্রতিমন্ত্রী, হুইপ ও সংসদ সদস্যের কথা উল্লেখ করে শোক প্রস্তাব উত্থাপন করেছেন। পরে সংসদে সেটি গৃহীত হয়। মৃতদের স্মরণে এক মিনিট শোক প্রকাশ করে জাতীয় সংসদ। অধিবেশনে সাবেক মন্ত্রী তোফায়েল আহমেদ, সাবেক টেকনোক্রেট মন্ত্রী শফিক আহমেদ এবং ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেনের মৃত্যুতে শোক প্রকাশ করেছে জাতীয় সংসদ। অধিবেশনে আওয়ামী লীগ নেতা এবিএম আনোয়ারুল হক, দবিরুল ইসলাম, মো. মোসলেম উদ্দিন, এ কে এম রহমত উল্লাহর মৃত্যুতেও শোক জানিয়েছে সংসদ। জাতীয় সংসদের রীতি অনুযায়ী প্রয়াত মন্ত্রী, সংসদ সদস্য এবং দেশি-বিদেশি বিশিষ্টজনদের মৃত্যুতে অধিবেশনের প্রথম দিন শোক প্রকাশ করা হয়।(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## মারা যাওয়া ছয় নবজাতকের পরিবারকে ৮০ লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে : শিশির মনির

রাজধানীর মগবাজারে বেসরকারি আদ্-দ্বীন হাসপাতালে কর্তৃপক্ষের অবহেলাজনিত কারণে মারা যাওয়া ছয় নবজাতকের পরিবারকে ৮০ লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে। রোববার হাসপাতাল কর্তৃপক্ষের আইনজীবী শিশির মনির এ কথা জানিয়েছেন। মি. মনির জানান, ”প্রত্যেক পরিবারকে ৮০ লক্ষ টাকা ক্ষতিপূরণ প্রদানের সিদ্ধান্ত হয়েছে। পূর্বে ঘোষিত অন্যান্য সুযোগ সুবিধাও বহাল থাকবে। পরিবার ও কর্তৃপক্ষের যৌথ আলোচনায় এই ক্ষতিপূরণ নির্ধারণ করা হয়েছে।„ এর আগে, গত বৃহস্পতিবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে এই ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষের গাফিলতি পাওয়ার কথা জানিয়েছিলেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। এক সংবাদ সম্মেলনে তিনি জানিয়েছিলেন, ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় ওই সময়ে চিকিৎসক না থাকা, নার্স, স্টাফ ও হাসপাতাল কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলাজনিত কারণ স্পষ্টভাবে প্রমাণিত। উল্লেখ্য, ঈদের ছুটির মধ্যে আদ্-দ্বীন হাসপাতালে ২৭ মে ভোরে হাসপাতালের পোস্ট অপারেটিভ ওয়ার্ডে একসঙ্গে ছয় নবজাতকের মৃত্যুর ঘটনা ঘটে।
(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## দ্রুততম সময়ে রামিসা হত্যা মামলাটি নিষ্পত্তিতে চেষ্টা করবেন বলে জানিয়েছেন আইনমন্ত্রী

আইনমন্ত্রী মোহাম্মদ আসাদুজ্জামান বলেছেন, উচ্চ আদালতে এই মামলার নিষ্পত্তি যাতে দ্রুততম সময়ে করা যায়, সেজন্য তিনি ও অ্যাটর্নি জেনারেল মিলে প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করবেন। রোববার রায়ের পর সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। তিনি বলেন, ”রামিসাকে আমরা তার বাবা-মার কাছে ফিরিয়ে আনতে পারবো না। কিন্তু আমাদের যতটুকু করার সেটা আমরা চেষ্টা করেছি। ১৯ মের ঘটনা, ২৪ মের মধ্যে তদন্ত সম্পন্ন করে চার্জশিট দিতে সক্ষম হয়েছি।„ সচিবালয়ে নিজের দপ্তরে এক সংবাদ সম্মেলনে আইনমন্ত্রী মোহাম্মদ আসাদুজ্জামান বলেছেন, কার্যত ছয় কার্যদিবসের মধ্যে রামিসা হত্যার মতো বেদনাদায়ক একটি ঘটনার বিচার করতে সক্ষম হয়েছেন তারা। তিনি বলেন, ”এটা বাংলাদেশের ইতিহাসে প্রথম। আমরা আইনের প্রতিটি ধাপ পেরিয়ে ৬ কার্যদিবসে বিচার প্রক্রিয়া সম্পন্ন করতে পেরেছি। এ রায়ে আমরা আপাতত সন্তুষ্ট। আশা করি উচ্চ আদালতে গেলেও এ রায় কার্যকর থাকবে।„ মামলার পরবর্তী প্রক্রিয়া সম্পর্কিত এক প্রশ্নের জবাবে তিনি বলেন, সাতদিনের মধ্যে ডেথ রেফারেন্স কনফার্মেশনের জন্য হাইকোর্ট ডিভিশনে যাওয়ার বাধ্যবাধকতা আছে। ”এসব মামলায় পেপারবুক প্রস্তুত করতে হয়। পেপার বুক সুপ্রিম কোর্টের তত্ত্বাবধানে হয়। এরপর সুপ্রিম কোর্ট সিরিয়ালি মৃত্যুদণ্ডগুলোর মামলা নিষ্পত্তি করেন। রামিসার বিষয়ে প্রধান বিচারপতির সাথে কথা বলেছি। তিনি বলেছেন সব ডেথ রেফারেন্স খুব দ্রুত নিষ্পত্তি করার জন্য আরও বেশি ফোকাসড সিদ্ধান্ত নেবেন„ বলে জানান তিনি। রামিসা হত্যাসহ নিষ্পত্তির অপেক্ষায় থাকা এ ধরনের অন্য মামলাগুলোও দ্রুত নিষ্পত্তির চেষ্টা করবেন বলে জানান আইনমন্ত্রী। (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে সাত শিশুর মৃত্যু

গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে সাত শিশু মারা গেছে। রোববার স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় ৬৬ জন হামে আক্রান্ত হয়েছে এবং এক হাজার ২২১ জন হামের উপসর্গজনিত রোগে আক্রান্ত হয়েছেন। গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে ঢাকায় চার, চট্টগ্রামে এক, ময়মনসিংহে এক, খুলনায় এক শিশু মারা গেছে। গত ১৫ই মার্চ থেকে হামে ৯১ জন এবং হামের উপসর্গে ৫২৯ জন মারা গিয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর।(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## শিশু নির্যাতন দমন আইনের মামলার আপিল দ্রুত নিষ্পত্তিতে হাইকোর্টে বিশেষ বেঞ্চ গঠনের উদ্যোগ

নারী ও শিশু নির্যাতন দমন আইনের মামলার আপিল দ্রুত নিষ্পত্তি করতে হাইকোর্টে বিশেষ বেঞ্চ গঠন করা হবে বলে জানিয়েছেন প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী। রোববার আপিল বিভাগের এজলাসে অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজলের একটি প্রস্তাবে প্রধান বিচারপতি এই সিদ্ধান্ত দেন। মি. কাজল জানান, ”মাননীয় প্রধান বিচারপতি নারী

এবং শিশু নির্যাতন দমন আইনের অধীনে এই জাতীয় মামলা, অর্থাৎ শিশু রামিসা, আছিয়া এবং রসু খাঁ, এ মামলাগুলো শুনানির জন্য হাইকোর্টে একটি সুনির্দিষ্ট বেঞ্চ গঠন করবেন, যেটি আগামী রবিবার থেকে কার্যকর হবে।„ এই বিশেষ বেঞ্চটি শুধুমাত্র নারী ও শিশু নির্যাতন দমন মামলার জন্যই নির্ধারিত থাকবে বলে জানিয়েছেন তিনি। এমন উদ্যোগের ফলে আপিল নিষ্পত্তিতে বছরের পর বছর ধরে চলা বিলম্বের অবসান ঘটবে বলেও আশা প্রকাশ করেছেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## ˋপুশ-ইনের, বিষয়টি কূটনৈতিক আলোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

ˋপুশ-ইনের, বিষয়টি ডিপ্লোমেটিক চ্যানেলে আলাপ-আলোচনা করে সমাধানের চেষ্টা করা হচ্ছে বলে জানিয়েছেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার সচিবালয়ে সাংবাদিকদের করা এক প্রশ্নের উত্তরে এ কথা বলেন তিনি। সোমবার থেকে শুরু হতে যাচ্ছে চারদিনব্যাপী বাংলাদেশ ও ভারত দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর মহাপরিচালক পর্যায়ের বৈঠক। মি. আহমদ বলেন, ”বিজিবি ও বিএসএফের ডিজি লেভেলে মিটিংটা একবার বাংলাদেশে হয়, একবার ভারতে হয়। এবার আমাদের যাওয়ার পালা।„ ”ওখানে সমস্ত বিষয়গুলো আলোচনা হবে। এটাকে ডিজিএলটি বলা হয়। ডিজি লেভেলের টক। সেই টকের সিদ্ধান্তগুলো ওখানে সামারাইজ করে সিগনেচারের বিষয় আছে। সেটা আগে আলোচনা হোক দেখি,„ বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। বিএসএফ প্রতিদিনই ˋপুশ-ইনের, চেষ্টা করছে সরকারের পদক্ষেপ কী? এমন প্রশ্নে মি. আহমদ বলেন, সমস্ত কিছু আলোচনা হবে। স্বরাষ্ট্রমন্ত্রী মি. আহমদ বলেন, ”আমরা ডিপ্লোমেটিক চ্যানেলে এগুলো আলাপ-আলোচনা করে সমাধানের চেষ্টা করছি এবং আমাদের বর্ডার গার্ড সতর্ক আছে। আমরা সমস্ত অবৈধ ˋপুশ-ইনের, চেষ্টাকে আমরা বাধা দেবো ইনশাল্লাহ, এ পর্যন্ত তাই হয়েছে। তবে এ বিষয়গুলো ডিপ্লোমেটিক চ্যানেলে আলোচনার মাধ্যমে সমাধান করা প্রাথমিকভাবে আমাদের প্রয়োজন।„
(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## রামিসা হত্যার ১৯ দিনে ৬ কার্যদিবসে রায় হলো, এরপর কী হবে

বাংলাদেশের রাজধানী ঢাকার পল্লবীর সাত বছরের শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যার মামলার প্রধান আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না খাতুনকে ঢাকার একটি আদালত মৃত্যুদণ্ডে দণ্ডিত করার পর রায়টি কোন প্রক্রিয়ায়, কবে, কীভাবে কার্যকর হবে, সেই আলোচনা সামনে এসেছে। আইনমন্ত্রী মোহাম্মদ আসাদুজ্জামান বিবিসি বাংলাকে বলেছেন, উচ্চ আদালতে এই মামলার নিষ্পত্তি যাতে দ্রুততম সময়ে করা যায়, সেজন্য তিনি ও অ্যাটর্নি জেনারেল মিলে প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করবেন। সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদও বলেছেন যে, রামিসা হত্যা মামলার ডেথ রেফারেন্স যাতে শুনানির জন্য এগিয়ে আনা যায়, সেজন্য অ্যাটর্নি জেনারেলের মাধ্যমে সুপ্রিম কোর্টের দৃষ্টিতে আনার উদ্যোগ নেবে সরকার। ওদিকে, মামলার রায়ে রাষ্ট্রপক্ষের আইনজীবী ছাড়াও স্বস্তি প্রকাশ করেছেন রাষ্ট্র নিযুক্ত আসামি পক্ষের আইনজীবীও। মামলার বাদী রামিসার পিতা আব্দুল হান্নান মোল্লা বলেছেন, রায়ে তারা সন্তুষ্ট হয়েছেন, তবে রায় কার্যকর হলেই তাদের প্রত্যাশা শতভাগ পূরণ হবে। প্রসঙ্গত, গত ১৯ মে সকালে পল্লবীর মিরপুর-১১ নম্বর এলাকায় নিজেদের বাসার পাশের ফ্ল্যাটের একটি কক্ষ থেকে রক্তাক্ত ও খণ্ডিত অবস্থায় উদ্ধার করা হয় শিশু রামিসার মৃতদেহ। এ ঘটনায় দায়ের হওয়া মামলার রায়ে আজ ঢাকার একটি আদালত দু-জনকে মৃত্যুদণ্ডের পাশাপাশি অর্থদণ্ড দিয়েছেন। আদালতের এ রায়ে রাষ্ট্রপক্ষ ও আসামি পক্ষের আইনজীবী ছাড়াও, রামিসার বাবা, আইনমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী সন্তোষ প্রকাশ করেছেন।

### রায় কার্যকর কবে হবে

সচিবালয়ে নিজের দপ্তরে এক সংবাদ সম্মেলনে আইনমন্ত্রী মোহাম্মদ আসাদুজ্জামান বলেছেন, কার্যত ছয় কার্যদিবসের মধ্যে রামিসা হত্যার মতো বেদনাদায়ক একটি ঘটনার বিচার করতে সক্ষম হয়েছেন তারা। ”এটা বাংলাদেশের ইতিহাসে প্রথম। আমরা আইনের প্রতিটি ধাপ পেরিয়ে ৬ কার্যদিবসে বিচার প্রক্রিয়া সম্পন্ন করতে পেরেছি। এ রায়ে আমরা আপাতত সন্তুষ্ট। আশা করি, উচ্চ আদালতে গেলেও এ রায় কার্যকর থাকবে,„ বলেছেন তিনি। মামলার পরবর্তী প্রক্রিয়া সম্পর্কিত এক প্রশ্নের জবাবে তিনি বলেন, সাতদিনের মধ্যে ডেথ রেফারেন্স কনফার্মেশনের জন্য হাইকোর্ট ডিভিশনে যাওয়ার বাধ্যবাধকতা আছে। ”এসব মামলায় পেপারবুক প্রস্তুত করতে হয়। পেপার বুক সুপ্রিম কোর্টের তত্ত্বাবধানে হয়। এরপর সুপ্রিম কোর্ট সিরিয়ালি মৃত্যুদণ্ডগুলোর মামলা নিষ্পত্তি করেন। রামিসার বিষয়ে প্রধান বিচারপতির সাথে কথা বলেছি। তিনি বলেছেন সব ডেথ রেফারেন্স খুব দ্রুত নিষ্পত্তি করার জন্য আরও বেশি ফোকাসড সিদ্ধান্ত নিবেন,„ বলেছেন তিনি। আইনমন্ত্রী বলেন, রামিসা হত্যাসহ নিষ্পত্তির অপেক্ষায় থাকা এ ধরনের অন্য মামলাগুলোও দ্রুত নিষ্পত্তির চেষ্টা করবেন তিনি। ”আমি লেগে থাকবো। যাতে করে রামিসাসহ এমন ঘটনার দ্রুত নিষ্পত্তির চেষ্টা করা যায়। আমরা আদালতের কাছে নিবেদন করবো সবগুলো দ্রুত নিষ্পত্তির।„ অন্যদিকে অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল বলেছেন, বিচারিক আদালত ডেথ রেফারেন্স হাইকোর্টে পাঠানোর পর তারা দ্রুততম সময়ে মামলার শুনানির ব্যবস্থা করার চেষ্টা করবেন। ”সেক্ষেত্রে পেপার বুক করতে হতে পারে। এজন্য প্রধান

বিচারপতির বিশেষ নির্দেশনার প্রয়োজন হতে পারে। এ প্রক্রিয়া শেষ হলে দ্রুত সময়ে সম্ভব আপিল নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করবো। সেটা দ্রুততম সময়ে করবো,„ বলছিলেন তিনি।

**রায়ে যত প্রতিক্রিয়া**

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, রামিসা হত্যা মামলায় জনপ্রত্যাশা অনুযায়ী দ্রুততম সময়ে ডিএনএ টেস্ট ও পোস্ট মর্টেম রিপোর্ট সংগ্রহ করে দ্রুত চার্জশিট দিয়ে বিচারে তারা সহযোগিতা করেছেন। ”আমরা সহযোগিতা করেছি। আদালত ন্যায়বিচার করেছে। বাংলাদেশের বিচারিক ইতিহাসে এটা মাইলফলক। আমরা সুপ্রিম কোর্টের নজরে আনবো ও অ্যাটর্নি জেনারেল অফিসকে বলবো, যাতে রামিসা হত্যা মামলার ডেথ রেফারেন্স একটু এগিয়ে আনা যায়। তাহলে আর রায় বাস্তবায়ন বিলম্বিত হবে না,„ সাংবাদিকদের বলছিলেন তিনি। এর আগে, আদালতের রায় ঘোষণার পর রাষ্ট্রপক্ষের আইনজীবী আজিজুর রহমান দুলু সাংবাদিকদের বলেন, ”আদালত পরিষ্কারভাবে বলেছে, অটোপসি রিপোর্টে চিকিৎসক বলেছেন ভিকটিম রামিসার দেহে ধর্ষণের আলামত পেয়েছেন। রায়ে আমরা সন্তুষ্ট। ট্রাইব্যুনাল অতি দ্রুততম সময়ে রায় ঘোষণা করেছেন।„ তিনি বলেন, ”অপরাধ হলে কোনো দয়া-দাক্ষিণ্য না দেখিয়ে দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। তারই নিমিত্তে ট্রাইব্যুনাল অপরাধীদের মৃত্যুদণ্ডে দণ্ডিত করেছেন।„ মামলায় আসামি পক্ষ কোনো আইনজীবী নিযুক্ত করেনি। সে কারণে এই মামলায় আসামির পক্ষে রাষ্ট্র নিযুক্ত আইনজীবী ছিলেন মুসা কালিমুল্যাহ। রায় ঘোষণার পর আদালত প্রাঙ্গণে সাংবাদিকদের তিনি বলেন, ”এ মামলার বিচার একটি নজির হয়ে থাকবে। সবার জন্য শিক্ষণীয় হবে ও সচেতনতা তৈরি হবে। মানুষ মনে করবে, এমন অপরাধ করলে পার পাওয়া যাবে না।„

**রামিসার বাবার প্রতিক্রিয়া**

রামিসা হত্যা মামলার রায় ঘোষণার সময় আদালতে উপস্থিত ছিলেন মামলার বাদী ও রামিসার বাবা আব্দুল হান্নান মোল্লা। রায় ঘোষণার পর তিনি সাংবাদিকদের বলেন, এ রায়ে তিনি সন্তুষ্ট হয়েছেন এবং এখন রায়টি কার্যকর হলে তার প্রত্যাশা পূরণ হবে। ”আমি এ রায়ে সন্তুষ্ট। এ রায় যখন বাস্তবায়ন হবে, তখন আমি একশ পার্সেন্ট সন্তুষ্ট হবো। প্রধানমন্ত্রী, বিচারপতি, পুলিশ প্রশাসন, জনগণ, মিডিয়া, স্বরাষ্ট্রমন্ত্রী, আইনমন্ত্রী সবাই আমাকে সহযোগিতা করেছেন। আমি পরিবারের পক্ষ থেকে তাদের সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। দ্রুত থেকে দ্রুততর সময়ের মধ্যে রায় কার্যকর হোক। বাংলাদেশের রামিসার মতো এমন ঘটনা আর না ঘটুক,„ বলছিলেন মি. মোল্লা।

(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ আলী আহমেদ)

## মাদক কারবারের অভিযোগে নির্যাতন, কেন আইন নিজের হাতে তুলে নিচ্ছেন অনেকে?

হাত পা বেঁধে মাটিতে ফেলে পেটানো হচ্ছে এক ব্যক্তিকে। আর কয়েকশ মানুষ ভিড় করে সেই দৃশ্য দেখছেন, অনেকে ভিডিও ধারণ করছেন। কোথাও আবার লাঠি কিংবা ইট দিয়ে কয়েকজন মিলে বেধড়ক পেটাচ্ছেন একজনকে। রক্তাক্ত অবস্থায় মাফ চাওয়ার পরও ছাড় মিলছে না। এমনকি কিছু ক্ষেত্রে আক্রান্ত ব্যক্তির বাড়িঘরেও হামলার ঘটনা ঘটেছে। সম্প্রতি সামাজিক মাধ্যমে এমন একাধিক ভিডিও ভাইরাল হয়েছে। যেগুলো মাদক ব্যবসায়ী কিংবা মাদকসেবীদের বিরুদ্ধে সাধারণ মানুষের ক্ষোভ হিসেবে উল্লেখ করা হয়েছে। ব্রাহ্মণবাড়িয়া এবং ফরিদপুর জেলার এমন তিনটি ঘটনার খোঁজ নিয়ে জানা গেছে, এগুলো মূলত মাদক ব্যাবসা সংশ্লিষ্ট। কোথাও মাদক কারবারির আবার কোথাও মাদক সেবনের অভিযোগ তুলে কথিত অপরাধীকে নিজেরাই শাস্তি দিয়েছেন এলাকাবাসী। যদিও এসব ঘটনায় আইন নিজের হাতে তুলে নেওয়ার বিষয়টি নিয়ে নানা আলোচনা-সমালোচনা তৈরি হয়েছে। অনেকেই প্রশ্ন তুলেছেন যে, বিচার যদি এভাবেই হয়, তাহলে আইন-আদালতের কী প্রয়োজন? এক্ষেত্রে আইন-শৃঙ্খলা বাহিনীর ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন কেউ কেউ। যদিও পুলিশ বলছে, এমন ঘটনার বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে তারা। অপরাধীদের ধরতে অভিযান অব্যাহত রাখার কথাও জানিয়েছে পুলিশ। এদিকে, বিচার ছাড়াই অপরাধীকে শাস্তি দেওয়া এবং আইন নিজের হাতে তুলে নেওয়ার এসব ঘটনা দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ভালো বার্তা দেয় না বলেই মনে করেন মানবাধিকার কর্মী এবং বিশ্লেষকরা। ”আমরা তো জঙ্গলে বসবাস করছি না- অপরাধী হলে তার বিচারে দেশে আইন আছে, আইন-শৃঙ্খলা বাহিনী আছে। নিজের হাতে আইন তুলে নেওয়ার অধিকার কারো নেই,„ বিবিসি বাংলাকে বলেন সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট ফৌজিয়া করিম ফিরোজ। তিনি বলছেন, অপরাধী দাবি করে যেকারো বিরুদ্ধে নিজেরাই ব্যবস্থা নেওয়ার এই প্রবণতা, মব বা বিশৃঙ্খল জনতার হাতে নিরপরাধ ব্যক্তির আক্রান্ত হওয়ার সুযোগও বাড়িয়ে তুলছে।

**ছড়িয়েছে একাধিক ভিডিও**

এক ব্যক্তিকে প্রকাশ্যে হাত-পা বেঁধে নির্যাতনের একটি ভিডিও সম্প্রতি ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে। সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া ওই ভিডিওটি ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর উপজেলার নারুই বাজার এলাকার বলে জানা গেছে। এই ঘটনায় সালিশ বৈঠকের নামে আইন নিজের হাতে তুলে নেওয়ার অভিযোগ তুলেছেন অনেকে। খোঁজ নিয়ে জানা গেছে, গ্রামের মাদক নির্মূলে গঠিত একটি কমিটির উদ্যোগে বৃহস্পতিবার ওই সালিশের আয়োজন করা হয়েছিল।

সালিশের সিদ্ধান্ত অনুযায়ী, অভিযুক্ত ওই ব্যক্তিকে হাত-পা বেঁধে তার পরিবারের সামনেই পেটানো হয়। নারুই গ্রামের একাধিক বাসিন্দার সঙ্গে কথা বলে জানা গেছে, অভিযুক্ত ব্যক্তি দীর্ঘদিন ধরেই মাদক ব্যবসার সঙ্গে জড়িত বলে স্থানীয়ভাবে অভিযোগ রয়েছে। এমনকি তার বিরুদ্ধে থানায় একাধিক মামলা রয়েছে বলেও বিবিসি বাংলাকে নিশ্চিত করেছে পুলিশ। মূলত, মাদক ব্যবসায় জড়িত থাকার কারণেই গ্রাম্য সালিশে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছিল বলে জানান ওই এলাকার ইউনিয়ন মেম্বার আবু হানিফ। অতীতেও মাদকের কারবার বন্ধ না করায় অতীতেও তাকে গ্রাম থেকে বের করে দেওয়া হয়েছিল বলেও জানান তিনি। ”তারে পুলিশ নিয়া যায়, কয়দিন পরই আবার ফিরে ব্যাবসা শুরু করে। ছয়মাস আগে তাকে গ্রাম থেকে বের করে দেওয়া হয়েছিল কিন্তু সে আবার একই কাজ শুরু করছে,„ বলেন মি. হানিফ। এই ঘটনায় পুলিশের বিরুদ্ধেও অভিযোগ তুলেছেন ওই গ্রামের বাসিন্দারা। যদিও পুলিশ বলছে, অভিযুক্তকে আইনের আওতায় আনতে তারা চেষ্টা করছে। এদিকে, সালিশ বৈঠকের নামে নির্যাতনের ঘটনায় পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠেছে। ওই গ্রামের অনেকেই বলছেন, আইন-শৃঙ্খলা বাহিনী থাকতে গ্রামের বাসিন্দারা কীভাবে আইন নিজেদের হাতে তুলে নিলেন। এ বিষয়ে নবীনগর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার পিয়াস বসাক বলছেন, ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাদের নির্দেশ দেওয়া হয়েছে। ”আমরা এই ঘটনার সবগুলো দিকই বিবেচনা করছি, মাদকের বিরুদ্ধেও যেমন ব্যবস্থা নেওয়া হবে, তেমনি যদি কারো বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ থাকে সেটিও তদন্ত করা হবে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। এদিকে, সম্প্রতি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া পৃথক আরও কয়েকটি ভিডিয়ো নিয়ে অনেকটা একই রকম অভিযোগ পাওয়া গেছে। ফরিদপুরের ভাঙা এবং নগরকান্দা উপজেলায়ও মাদক কারবারের অভিযোগে একাধিক ব্যক্তিকে বেধড়ক পেটানোর ঘটনা ঘটেছে। এমনকি ফরিদপুরে সোনাখোলা গ্রামে অভিযুক্তের বাড়িঘরে হামলা চালিয়ে ভাঙচুর ও আগুন ধরিয়ে দেওয়ার অভিযোগও রয়েছে।

**মানুষ কেন আইন নিজের হাতে তুলে নিচ্ছে?**

সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া ব্রাহ্মণবাড়িয়া কিংবা ফরিদপুরের এসব ভিডিওতে আইন বা বিচার ব্যবস্থার তোয়াক্কা না করে অনেক ক্ষেত্রে সাধারণ মানুষকেই কথিত অপরাধীকে শাস্তি দিতে দেখা গেছে। অথচ আইন অনুযায়ী এই ব্যবস্থা নেওয়ার দায়িত্ব আইন-শৃঙ্খলা বাহিনী এবং বিচার বিভাগের। তাহলে মানুষ কেন আইন নিজের হাতে তুলে নিচ্ছে? যদিও অপরাধীদের বিরুদ্ধে অভিযান অতীতের চেয়ে আরও জোরালো হয়েছে বলে দাবি আইন-শৃঙ্খলা বাহিনীর। ফরিদপুর জেলা পুলিশ সুপার মো. নজরুল ইসলাম বলছেন, মাদক কারবারিদের শাস্তি দেওয়ার নামে যারা আইন নিজের হাতে তুলে নিচ্ছেন তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। বিবিসি বাংলাকে তিনি বলছেন, ”অপরাধী হলেও তার আইনি অধিকার রয়েছে। তাদের বাড়িঘরে হামলা করাও একটা অপরাধ। আইনও এই বিষয়টিকে কখনই প্রশ্রয় দেয় না।„ এক্ষেত্রে অবশ্য দেশের আইন ও বিচার ব্যবস্থার ওপর আস্থার সংকটের কথা বলছেন মানবাধিকারকর্মী এবং আইনজীবীদের অনেকে। সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট ফৌজিয়া করিম ফিরোজ বলছেন, অপরাধীদের শাস্তি নিশ্চিত করার মাধ্যমে আইনের প্রতি মানুষের আস্থা ফেরাতে হবে। ”অনেক ক্ষেত্রে বিচার পেতে বিলম্ব হয়, অনেক সময় আইন-শৃঙ্খলা বাহিনীর বিরুদ্ধেও কার্যকর পদক্ষেপ না নেওয়ার অভিযোগ ওঠে, এগুলো বন্ধ করা জরুরি,„ বলেন তিনি। তবে আইন-শৃঙ্খলা বাহিনী ব্যবস্থা নিচ্ছে না বা দেরি হচ্ছে এমন অভিযোগ বা কোনো অজুহাতেই আইন নিজের হাতে তুলে নেওয়ার সুযোগ নেই বলেও উল্লেখ করেন মিজ ফিরোজ। তিনি বলছেন, ”আপনার অধিকার নাই আইন নিজের হাতে তোলার। কেউ অপরাধ করলে আইন আছে, মব করে ইচ্ছা হলেই কিছু করার সুযোগ নেই। এক্ষেত্রে আইন-শৃঙ্খলা বাহিনীর বিরুদ্ধে যদিও অভিযোগ থাকে তারও প্রতিকার আইনে রয়েছে বলে জানান তিনি। ”যদি আইনশৃঙ্খলা বাহিনী ব্যবস্থা না নেয়, তাহলে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়ার সুযোগ আছে। তাদের ঊর্ধ্বতনরা রয়েছেন, সর্বোপরি আদালত রয়েছে,„ বলেন তিনি। আইন নিজের হাতে তুলে নেওয়ার এই প্রবণতা থামাতে এখনই কার্যকর ব্যবস্থা নেওয়ার কথাও বলছেন সুপ্রিম কোর্টের এই আইনজীবী। তিনি বলছেন, ”আইনের নিজেদের হাতে তুলে নেওয়ার এই সুযোগ অনেকে ব্যক্তিস্বার্থ হাসিলে কাজে লাগাতে পারে। এর বিরুদ্ধে ব্যবস্থা না নিলে সামাজিক বিশৃঙ্খলা বাড়বে,„ বলেও মনে করে মিজ ফিরোজ।(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ আলী আহমেদ)

## ত্রয়োদশ জাতীয় সংসদের বাজেট অধিবেশন বসছে আজ, বাজেট উপস্থাপন ১১ জুন

রোববার থেকে শুরু হচ্ছে ত্রয়োদশ জাতীয় সংসদের ২০২৬ সালের বাজেট অধিবেশন। এটি বর্তমান বিএনপি সরকারের প্রথম বাজেট অধিবেশন। একইসঙ্গে, ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন এটি। এটিই হবে প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকারের প্রথম বাজেট। আগামী ১১ জুন জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট উপস্থাপন করবেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। কিছুক্ষণের মধ্যেই বেলা ৩টার দিকে এই অধিবেশন শুরু হবে। এই অধিবেশন কতদিন চলবে, সেটি আজই অধিবেশন শুরুর আগে নির্ধারিত হওয়ার কথা রয়েছে। শনিবার বিকেলে চিফ হুইপ নুরুল ইসলাম এক সংবাদ সম্মেলনে জানিয়েছিলেন, ১১ জুন বাজেট উপস্থাপন করা হবে। ৩০ জুন

বাজেট পাস করতে হবে। তাই প্রতিদিন সকাল-বিকেল দুইবেলা বৈঠক হতে পারে। এ ছাড়া এ অধিবেশনে কিছু বিল আসবে বলেও জানান তিনি। (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## ঈদের সময় সড়ক দুর্ঘটনায়ই সবচেয়ে বেশি মানুষ, ৪০২ জন নিহত হয়েছেন

ঈদুল আজহার সময় সারা দেশে সড়ক দুর্ঘটনায় ৪০২ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন এক হাজার ২৯৪ জন। ৩৯৪টি সড়ক দুর্ঘটনায় নিহত ও আহতের এই সংখ্যা জানিয়েছে যাত্রীকল্যাণ সমিতি। রোববার সকালে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান সংগঠনটির মহাসচিব মো. মোজাম্মেল হক। ঈদের ওই সময়ে রেলপথে ৩১টি দুর্ঘটনায় ২৩ জন নিহত এবং ৩০ জন আহত হয়েছেন। এছাড়া নৌপথে ১৭টি দুর্ঘটনায় নিহত হয়েছেন ১৩জন ও আহত হয়েছেন ১৬ জন। সড়ক, রেল ও নৌপথের মোট ৪৪২টি দুর্ঘটনায় ৪৩৮ জন নিহত হয়েছে। আহত হয়েছেন এক হাজার ৩৪০ জন। যাত্রী কল্যাণ সমিতির মহাসচিব বলেন, প্রতিবছর বিপুলসংখ্যক মানুষ দুই ঈদে সারাদেশে যাতায়াত করে। ঈদকে কেন্দ্র করে সরকারের ১০-১২ দিনের তৎপরতা নয়, বরং ঈদযাত্রায় এত বিপুলসংখ্যক মানুষের জীবন বাঁচাতে, যাতায়াতের ভোগান্তি কমাতে স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রয়োজন।
(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## ১৬ মাসে সর্বোচ্চ মূল্যস্ফীতি মে মাসে নয় দশমিক ৪২ শতাংশ

গত ১৬ মাসের মধ্যে বাংলাদেশে সর্বোচ্চ মূল্যস্ফীতি হয়েছে মে মাসে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ হিসেব অনুযায়ী, মে মাসে মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে নয় দশমিক ৪২ শতাংশ। রোববার বিবিএস মে মাসের মূল্যস্ফীতির তথ্য প্রকাশ করেছে। গত বছর অর্থাৎ ২০২৫ সালের ফেব্রুয়ারির পর এটাই সর্বোচ্চ মূল্যস্ফীতির রেকর্ড। এপ্রিল ও মে দুই মাসই মূল্যস্ফীতি নয় শতাংশের বেশি রয়েছে। এপ্রিলে মূল্যস্ফীতির হার ছিল নয় দশমিক শূন্য চার শতাংশ এবং মে মাসে অর্থাৎ পরের মাসে এই হার আরো বেড়ে নয় দশমিক ৪২ শতাংশে পৌঁছায়। বিবিএস এর হালনাগাদ তথ্য বলছে, খাদ্য ও খাদ্য বহির্ভূত উভয় খাতে মূল্যস্ফীতি ঊর্ধ্বমুখী হওয়ায় একমাসের ব্যবধানে এ সূচক বেড়েছে দশমিক ৩৮ শতাংশীয় পয়েন্ট। (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## মতিঝিলে এক ব্যক্তিকে গুলি করে ১৭ হাজার ডলার ছিনিয়ে নেওয়ার ঘটনা ঘটেছে

ঢাকায় মতিঝিলে এক ব্যক্তিকে গুলি করে ১৭ হাজার ডলার ছিনিয়ে নেওয়ার ঘটনা ঘটেছে। তবে, অস্ত্রধারীরা পালিয়ে গিয়েছে। মতিঝিল থানার ওসি কামরুজ্জামান তালুকদার এই তথ্য নিশ্চিত করেছেন। রোববার বেলা ৩টার দিকে জনতা ব্যাংকের করপোরেট শাখার সামনে এ ঘটনা ঘটেছে। মি. তালুকদার জানান, "উনি (আহত ব্যক্তি) আলহামদুলিল্লাহ আশঙ্কামুক্ত। ওনার পায়ে ও হাতে গুলি লেগেছে। মুগদা হাসপাতালে চিকিৎসাধীন আছেন।„ তবে এ ঘটনায় এখনো কাউকে গ্রেফতার করা যায়নি বলে জানিয়েছেন এই পুলিশ কর্মকর্তা। পুলিশ অপরাধীদের গ্রেফতারে কাজ করছে বলে জানিয়েছেন তিনি। "উনি বলতেছেন যেটা, লোকমুখে শুনলাম, ওনার সাথে যেহেতু এখনো কথা হয়নি, ১৭ হাজার ডলার। ইনজুরড, হাসপাতালে এখনো,„ বলেন মি. তালুকদার। ঘটনাস্থল থেকে পুলিশ দুইটি গুলির খোসা উদ্ধার করেছে বলে জানান এই পুলিশ কর্মকর্তা। (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## মার্চ ও এপ্রিল দুই মাসে হত্যার ঘটনা ঘটেছে ৬০৫টি : টিআইবি

সরকারের একশ দিনের কাজের মধ্যে সুশাসন ও নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ। রোববার দুপুরে এক সংবাদ সম্মেলনে রাজধানীর ধানমন্ডির মাইডাস সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে `ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন পরবর্তী সরকারের ১০০ দিন : সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতিবিরোধী প্রতিশ্রুতি বাস্তবায়ন পর্যবেক্ষণ, শীর্ষক এক প্রতিবেদনে এ উদ্বেগ প্রকাশ করা হয়। টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান বলেন, "সরকার গঠনের একশ দিনের মধ্যে দুর্নীতি দমন কমিশন, জাতীয় মানবাধিকার কমিশন, তথ্য কমিশনের মতো গুরুত্বপূর্ণ কমিশনগুলো গঠনের লক্ষ্যে এখনো পর্যন্ত দৃশ্যমান কোনো উদ্যোগ নেই, যা দুঃখজনক। অন্তর্বর্তী সরকার যেই দৃষ্টান্ত স্থাপন করে গেছে, জাতীয় মানবাধিকার কমিশন এবং তথ্য অধিকার কমিশন স্থবির করে রাখা সেই ধারাবাহিকতায় আবার নতুন যুক্ত হয়েছে দুর্নীতি দমন কমিশনে স্থবিরতার অবস্থা। যেটি কোনো অবস্থাতেই সরকারের অঙ্গীকারের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।„ প্রশাসনিক নিয়োগে দলীয়করণের সমালোচনা করেন তিনি। "এই সরকার গঠনের পর বেশ কিছু নিয়োগ এমনভাবে হয়েছে যেটি আসলে পরিষ্কারভাবে দলীয়করণের আগের চর্চারই একটি প্রতিফলন। যেটি প্রত্যাশিত ছিল না,„ বলেন তিনি। টিআইবি জানিয়েছে, এ বছরের মার্চ ও এপ্রিল দুই মাসে হত্যার ঘটনা ঘটেছে ৬০৫টি, অপহরণ ১৯৬টি, ছিনতাইয়ের ৯০টি ঘটনা ঘটেছে। এছাড়াও গত দুই মাসে পুলিশের ওপর হামলার ১২৯টি এবং ডাকাতির ৯০টি ঘটনা ঘটেছে। একইসঙ্গে, মার্চ ও এপ্রিলে বেড়েছে ৭৮ থেকে ১০২ জন ধর্ষণ, ৩০ থেকে ৩৬ জন গণধর্ষণের শিকার হয়েছেন বলে টিআইবি জানিয়েছে। এছাড়া ৪৯ থেকে ৭১ জন শিশু এই দুই মাসে ধর্ষণের শিকার হয়েছে। মব সংস্কৃতি ও মানবাধিকার লঙ্ঘন নিয়ে উদ্বেগ প্রকাশ করেন টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান। তিনি বলেন, "গণপিটুনি ও মব সহিংসতার বিরুদ্ধে সরকারের শীর্ষ পর্যায় থেকে কঠোর

ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দেওয়া হলেও মাঠপর্যায়ে কার্যকরভাবে তা নিয়ন্ত্রণ করা যায়নি। বিভিন্ন স্থানে মাজার এবং ধর্মীয় ও সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলার ঘটনা অব্যাহত রয়েছে।„(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সভাপতি নির্বাচিত হয়েছেন তামিম ইকবাল

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সভাপতি নির্বাচিত হয়েছেন বর্তমান অ্যাডহক কমিটির প্রধান তামিম ইকবাল। বিসিবির ১৭ তম সভাপতি হয়েছেন সাবেক এই অধিনায়ক। সহ-সভাপতি হয়েছেন ফাহিম সিনহা। যদিও বোর্ডে দুইজন সহ-সভাপতি নির্বাচন করার নিয়ম থাকলেও একজনের নাম ঘোষণা করেছে নির্বাচন কমিশন। এর আগে মি. ইকবালসহ ক্লাব ক্যাটাগরি থেকে নির্বাচিত হয়েছেন ১২ জন পরিচালক। বিসিবি নির্বাচনে ঈদের আগেই তিন প্রার্থী নাম প্রত্যাহার করে। তখন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন আট পরিচালক। চট্টগ্রাম ও ঢাকা থেকে দুজন করে এবং রাজশাহী, রংপুর ও সিলেট থেকে একজন করে বিনা প্রতিদ্বন্দ্বিতায় পরিচালক হয়েছেন।
(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

## বৈরুত হামলার জবাব না দিয়ে আমরা ছাড়ব না : খাতাম আল-আনবিয়া

বৈরুতের দক্ষিণ শহরতলি দাহিয়াহতে হামলা করেছে ইসরায়েল। এই হামলার খবর প্রকাশের পরপরই, ইরানের ইসলামিক রেভোলুশনারি গার্ড কোরের কেন্দ্রীয় সদর দফতর খাতাম আল আনবিয়া জানিয়েছে, এই হামলার জবাব না দিয়ে ছাড়া হবে না। এর আগে ইসরায়েল বলেছিল, হিজবুল্লাহর হামলার জবাবে তারা দক্ষিণ শহরতলিতে দলটির একটি ̀কমান্ড সেন্টার, লক্ষ্য করে এই হামলা চালিয়েছে। গত সপ্তাহেও ইসরায়েল দাহিয়াহ এলাকায় হামলার হুমকি দিয়েছিল। কিন্তু খাতাম আল আনবিয়া সদর দফতর থেকে ইসরায়েলে পাল্টা আঘাতের হুমকি দেওয়ার পর ডোনাল্ড ট্রাম্প ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে ফোন করেন। ট্রাম্প জানান, তিনি নেতানিয়াহুকে বৈরুতে ”বড়ো ধরনের হামলা„ না চালানোর অনুরোধ করেছিলেন এবং বেনিয়ামিন নেতানিয়াহু ”তার সৈন্যদের ফিরে আসার„ নির্দেশ দিয়েছিলেন।(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

# রেডিও তেহরান

## চাঞ্চল্যকর রামিসা ধর্ষণ ও হত্যা মামলার রায়; সোহেল-স্বপ্নার মৃত্যুদণ্ড

বাংলাদেশের রাজধানীর মিরপুরের পল্লবীতে আট বছরের শিশু রামিসা আক্তারকে ধর্ষণের পর হত্যার ঘটনায় দায়ের করা মামলায় আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না খাতুনকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। আজ (রোববার) ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীনের আদালত এ রায় ঘোষণা করেন। নারী ও শিশু নির্যাতন দমন আইনের ৯(২) ধারায় আসামিদের সর্বোচ্চ সাজা মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। মৃত্যুদণ্ডের পাশাপাশি আসামি সোহেলকে ৫ লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়। অপরদিকে আসামি স্বপ্নাকে দুই লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়। অর্থদণ্ড ভিকটিম রামিসার আইনগত উত্তরাধিকার পাবে। ক্ষতিপূরণ না দিলে আসামিদের স্থাবর-অস্থাবর সম্পত্তি নিলামে বিক্রি করে ভিকটিম মৃত রামিসার আইনগত উত্তরাধিকারকে দেওয়ার নির্দেশ দিয়েছে আদালত।

### রায়ে খুশি, দ্রুত কার্যকর চাই : রামিসার বাবা

রায়ে সন্তুষ্টি প্রকাশ করে রামিসার বাবা আব্দুল হান্নান মোল্লা বলেন, ”আমরা প্রত্যাশিত রায় পেয়েছি। যত দ্রুত রায় কার্যকর চাই।„ আদালত প্রাঙ্গণে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে রামিসার বাবা বলেন, আমরা প্রত্যাশিত রায় পেয়েছি। এই রায়ে আমাদের আশা ও আকাঙ্ক্ষা মিটবে। রায়ে আমি শতভাগ খুশি হয়েছি। প্রধানমন্ত্রীর দেওয়া সময়ের মধ্যেই আমরা কাঙ্ক্ষিত রায় পেয়েছি। বিচারপতি, পুলিশ প্রশাসন ও সাংবাদিকসহ দেশের সব মানুষ যারা আমার এবং আমার পরিবারের বিপদের সময়ে পাশে ছিলেন আমি সবার প্রতি কৃতজ্ঞতা জানায়। তিনি বলেন, আমার মেয়ে হত্যার যে রায় আজ আদালত দিয়েছেন, সেই রায় আমরা দ্রুত কার্যকর দেখতে চাই।

এর আগে, কড়া নিরাপত্তার মধ্যে সকাল সাড়ে ৮টার দিকে প্রথমে আসামি সোহেলের স্ত্রী স্বপ্না আক্তারকে আদালতে আনা হয়। এরপর ৮টা ৫০ মিনিটে কারাগার থেকে প্রিজনভ্যানে করে আনা হয় প্রধান অভিযুক্ত সোহেল রানাকে। এসময় তাদের ঢাকা মহানগর দায়রা জজ আদালতের হাজতখানায় নেওয়া হয়। রায় ঘোষণার আগে দু-জনকেই এজলাসে তোলা হয়। বেলা ১১টার পর রায় পড়া শুরু করেন বিচারক।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৭.০৬.২০২৬ নারগীস)

# এনএইচকে

## ইরানের ওপর মার্কিন-ইসরায়েলি সামরিক হামলা শুরুর ১০০তম দিন

আজ রবিবার, ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ সামরিক অভিযান শুরুর ১০০ দিন পূর্ণ হয়েছে। তবে, দুই পক্ষের মধ্যে থেমে থেমে চলা হামলা, সংঘাত নিরসনে আলোচনার সম্ভাবনাকে অনিশ্চিত করে তুলেছে। মার্কিন কেন্দ্রীয় কমান্ড জানিয়েছে, তাদের বাহিনী শুক্রবার হরমুজ প্রণালির দিকে প্রেরণ করা চারটি ইরানি ড্রোন ভূপাতিত করেছে।
তারা এও জানায়, আরও সামুদ্রিক হামলা প্রতিরোধের জন্য মার্কিন বাহিনী এর পরে গোরুক এবং কেশম দ্বীপে অবস্থিত

ইরানি উপকূলীয় নজরদারি রাডার কেন্দ্রগুলোতেও হা মলা চালায়। ইরানের শাসকগোষ্ঠী -সমর্থিত ফার্স বার্তা সংস্থা জানিয়েছে, ইসলামিক বিপ্লবী গার্ড বাহিনী বা আইআরজিসি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে এর প্রতিশোধ নিয়েছে। সংস্থাটি আইআরজিসি'র এক বিবৃতির উদ্ধৃতি দিয়ে বলেছে, এই হামলায় কুয়েতের একটি মার্কিন ঘাঁ টি এবং বাহরাইনে মার্কিন নৌবাহিনীর পঞ্চম বহরের একটি স্থাপনাকে লক্ষ্যবস্তু করা হয়। এরকম এক প্রেক্ষাপটে কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। আইআরজিসি 'র সাথে সংশ্লিষ্ট তাসনিম বার্তা সংস্থা শনিবার জানিয়েছে যে , পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নাকভি তেহরানে এ সে পৌঁছেছেন। সংবাদমাধ্যমটির ভাষ্যানুযায়ী , তিনি পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি 'সহ ইরানি কর্মকর্তাদের সঙ্গে সাক্ষাৎ করবেন। ইসরায়েলি সামরিক বাহিনী লেবাননে হামলা চালাচ্ছে , যেখানে ইরান-সমর্থিত শিয়া মুসলিম গোষ্ঠী হিজবুল্লাহর ঘাঁটি রয়েছে। লেবাননের সামরিক বাহি নী শনিবার সামাজিক যোগাযোগ মাধ্যমে এক পোস্টে জানিয়েছে যে , দক্ষিণ লেবাননে একটি সামরিক যানের ওপর ইসরায়েলি হামলায় তিনজন নিহত হয়েছেন। লেবাননের প্রেসিডেন্ট জোসেফ আউন শুক্রবার সিএনএন -কে দেয়া এক সাক্ষাৎকারে , যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনার ক্ষেত্রে লেবাননসহ অন্যা ন্য সকল রণাঙ্গনে যুদ্ধবিরতির জন্য ইরানের দাবি নিয়ে কথা বলেন। তিনি এই আলোচনায় লেবাননকে দর কষাকষির হাতিয়ার হিসেবে ব্যবহারের জন্য ইরানকে অভিযুক্ত করেন।
(এনএইচকে ওয়েব পেজ: ০৭.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ধর্ষণের পর শিশুহত্যা; দুই আসামির মৃত্যুদণ্ড

বাংলাদেশের রাজধানী ঢাকার পল্লবীতে আট বছরের শিশুকে ধর্ষণের পর নৃশংসভাবে হত্যার ঘটনায় আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। হত্যাকাণ্ডের মাত্র ১৯ দিনের মাথায় আদালত এই মামলার রায় দিলেন। গত ১৯ মে শিশুটি ধর্ষণ ও হত্যার শিকার হয়। ১ জুন অভিযোগ গঠন করা হয় এবং তার পরের দিনই সাক্ষ্যগ্রহণ শেষ হয়। মাত্র পাঁচটি শুনানিতেই ট্রাইব্যুনাল বিচার শেষ করেছেন। আসামি সোহেল রানাকে দোষী হিসেবে তুলে ধরে নারী ও শিশু নির্যাতন দমন আইনে করা মামলায় তার সর্বোচ্চ শাস্তির দাবি জানান রাষ্ট্রপক্ষের আইনজীবী। সোহেল রানার অপরাধে সহযোগিতা ও বাধা না দেওয়ার বিষয় উল্লেখ করে আসামি স্বপ্না আক্তারের আইনি শাস্তির দাবি জানান। রাষ্ট্রপক্ষের আইনজীবী আজিজুর রহমান দুলু প্রথম আলোকে বলেন, 'আইন অনুযায়ী এ মামলায় আসামিদের সর্বোচ্চ শাস্তির দাবি জানিয়েছি।' তবে আসামিপক্ষ সাজা কমানোর আবেদন জানিয়ে দাবি করেছে যে, চার্জশিট প্রধান আসামির স্বীকারোক্তিমূলক জবানবন্দির ওপর ভিত্তি করে তৈরি এবং হত্যার কাজে ব্যবহৃত কথিত অস্ত্রটির ফরেনসিক পরীক্ষা করা হয়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৬.২০২৬ রনি)

### বাংলাদেশে ১৬ মাসের মধ্যে সর্বোচ্চ মূল্যস্ফীতি

গত মে মাসে বাংলাদেশে মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৯.৪২ শতাংশে। এই হার ২০২৫ সালের ফেব্রুয়ারির পর সর্বোচ্চ। গত মাসেও মূল্যস্ফীতির হার ছিল ৯.০৪ শতাংশ। গত এপ্রিল ও মে মাসে সরকার দুই দফা জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি করে। মে মাসে মূল্যস্ফীতির পেছনে তা ভূমিকা রেখেছে বলে মনে করা হচ্ছে। এছাড়া গত সপ্তাহে বিদ্যুতের দামও বাড়ানো হয়েছে, যা মূল্যস্ফীতির হারকে আরো উসকে দিতে পারে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) হালনাগাদ তথ্য অনুযায়ী মে মাসে খাদ্য মূল্যস্ফীতির হার ছিল ৯.৬ শতাংশ। আর খাদ্যের বাইরে মূল্যস্ফীতি হয়েছে ৯.৭১ শতাংশ। জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির প্রভাব শহরের তুলনায় গ্রামে বেশি পড়ছে। পরিসংখ্যান অনুযায়ী, মে মাসে গ্রামে সার্বিক মূল্যস্ফীতির হার ছিল ৯.৪৮ শতাংশ আর শহরে ৯.২৫ শতাংশ।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৬.২০২৬ রনি)

### বাংলাদেশে ঈদ যাত্রার দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন চার শতাধিক

বাংলাদেশে ঈদুল আযহার সময় সড়ক, রেল ও নৌপথ মিলিয়ে মোট ৪৪২টি দুর্ঘটনা কেড়ে নিয়েছে ৪৩৮টি প্রাণ, আহত হয়েছেন ১৩৪০ জন। ২১ মে থেকে ৪ জুন পর্যন্ত সময়ে দুর্ঘটনার পরিসংখ্যানের ভিত্তিতে প্রতিবেদন তৈরি করেছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি। রোববার ঢাকা সাংবাদিক সম্মেলনে তুলে ধরা প্রতিবেদন অনুযায়ী, শুধু সড়কে ৩৯৪টি দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৪০২ জন, আহত হয়েছেন ১২৯৪ জন।রেল দুর্ঘটনায় মারা গেছেন ২৩ জন। আর নদীপথে ১৭টি দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ১৩জন। প্রাণঘাতী দুর্ঘটনায় জড়িত বাহনের শীর্ষে ছিল মোটরসাইকেল। ১৫৯ জনই মারা গেছেন মোটরসাইকেল দুর্ঘটনায়। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৬.২০২৬ রনি)

## জাগো নিউজ

### প্রধানমন্ত্রীর মালয়েশিয়া সফর: প্রবাসীদের ভাগ্য বদলের প্রত্যাশা

মালয়েশিয়ায় লাখ লাখ প্রবাসী বাংলাদেশির ভাগ্য উন্নয়ন , বন্ধ শ্রমবাজারের টেকসই সমাধান এবং কনস্যুলার সেবা সহজীকরণের প্রত্যাশা নিয়ে দুইদিনের সফরে দেশটিতে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। নতুন সরকারপ্রধান হিসেবে দায়িত্ব গ্রহণের পর এটিই তার প্রথম আনুষ্ঠানিক রাষ্ট্রীয় সফর , যা দুই দেশের কূটনৈতিক ও অর্থনৈতিক

সম্পর্কে এক নতুন দিগন্তের সূচনা করতে যাচ্ছে। বিশেষ করে মালয়েশিয়ায় থাকা বাংলাদেশি ডায়াসপোরাদের দীর্ঘদিনের দাবি -অবৈধ কর্মীদের বৈধকরণ , কুয়ালালামপুরের বাইরে স্থায়ী কনস্যুলার দপ্তর স্থাপন এবং প্রবাসী সন্তানদের জন্য `বাংলাদেশি স্কুল, প্রতিষ্ঠার মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো এই সফরে বিশেষ গুরুত্ব পাবে বলে আশা করা হচ্ছে। নতুন সরকারপ্রধান হিসেবে দায়িত্ব গ্রহণের পরপরই প্রধানমন্ত্রী তারেক রহমানকে ফোনে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছিলেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম। সেই সুবাদে বন্ধু ও ভ্রাতৃপ্রতিম দেশ মালয়েশিয়া সফরের মাধ্যমে প্রধানমন্ত্রী তারেক রহমান তার প্রথম বিদেশ সফরের সূচনা করতে যাচ্ছেন। আগামী ২১ ও ২২ জুন দুইদিনের এই ঐতিহাসিক রাষ্ট্রীয় সফরে তিনি দেশটিতে অবস্থান করবেন। আন্তর্জাতিক, আঞ্চলিক এবং দক্ষিণ -পূর্ব এশিয়ায় মালয়েশিয়ার কৌশলগত অবস্থান বিবেচনায় প্রধানমন্ত্রীর প্রথম গন্তব্য হিসেবে দেশটিকে নির্বাচন করা নিঃসন্দেহে একটি দূরদর্শী সিদ্ধান্ত। দীর্ঘদিনের পরীক্ষিত বন্ধু রাষ্ট্র মালয়েশিয়ার সঙ্গে বাংলাদেশের সম্পর্ক শুধু কূটনৈতিক নয় ; বাণিজ্য, শ্রমবাজার, শিক্ষা, বিনিয়োগ এবং অর্থনৈতিক সহযোগিতার ক্ষেত্রেও বিস্তৃত।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## সনদনির্ভর নয়, দক্ষতাভিত্তিক শিক্ষার ওপর জোর প্রধানমন্ত্রীর

সনদনির্ভর শিক্ষার পরিবর্তে দক্ষতাভিত্তিক , প্রযুক্তিনির্ভর ও কর্মমুখী শিক্ষাব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন , বর্তমান বিশ্বে শুধু অ্যাকাডেমিক সনদ অর্জন যথেষ্ট নয় ; কর্মক্ষেত্রের চাহিদা অনুযায়ী দক্ষতা অর্জন করতে না পারলে বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকা কঠিন হয়ে পড়বে। রোববার (৭ জুন) সকালে রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ -চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে জা তীয় বিশ্ববিদ্যালয়ের কারিকুলামে দক্ষতাভিত্তিক শিক্ষা বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচির উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে `কর্মমুখী শিক্ষা নেব, বিশ্বজুড়ে কাজ করব, প্রতিপাদ্যে কর্মমুখী ও কারিগরি শিক্ষার গুরুত্ব তুলে ধরে বক্ত ব্য দেন আমন্ত্রিত অতিথিরা। পরে প্রধানমন্ত্রী আনুষ্ঠানিকভাবে শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমের উদ্‌বোধন করেন। প্রধানমন্ত্রী বলেন, জ্ঞানভিত্তিক রাষ্ট্র ও সমাজ গঠনের জন্য শিক্ষাব্যবস্থাকে সময়োপযোগী করতে হবে। শিক্ষা , বিজ্ঞান ও প্রযুক্তিতে নিজেদের প্রস্তুত করতে না পারলে ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলা করা কঠিন হবে। তিনি বলেন, বর্তমানে বিশ্বের কর্মক্ষেত্রে দ্রুত পরিবর্তন ঘটছে। কৃত্রিম বুদ্ধিমত্তা ও স্বয়ংক্রিয় প্রযুক্তির বিস্তারের ফলে একদিকে কিছু প্রচলিত পেশা ঝুঁকির মুখে পড়ছে , অন্যদিকে নতুন কর্মসংস্থানের ক্ষেত্র তৈরি হচ্ছে ।এ বাস্তবতায় শিক্ষার্থীদের শুধু সনদ অর্জ নের মধ্যে সীমাবদ্ধ না থেকে ব্যাবহারিক ও প্রযুক্তিগত দক্ষতা অর্জনে গুরুত্ব দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, দেশের দুই হাজারের বেশি অধিভুক্ত কলেজে বর্তমানে ৪০ লাখেরও বেশি শিক্ষার্থী অধ্যয়ন করছেন। ফলে আধুনিক , প্রযুক্তিনির্ভর ও দক্ষতাভিত্তিক উচ্চশিক্ষা বিস্তারে জাতীয় বিশ্ববিদ্যালয় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## আইন ও স্বরাষ্ট্রমন্ত্রীকে ধন্যবাদ জানালেন প্রধানমন্ত্রী

রাজধানীর পল্লবীতে আট বছরের এক শিশুকে ধর্ষণের পর হত্যার ঘটনায় আসামিদের দ্রুত শনাক্ত ও আইনের আওতায় আনায় আইন ও স্বরাষ্ট্রমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (৭ জুন) জাতীয় সংসদ ভবনে সংসদের কার্য উপদেষ্টা কমিটির সভায় তিনি এ ধন্যবাদ জানান। সেই সঙ্গে সংশ্লিষ্ট মন্ত্র ণালয় ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কার্যকর ভূমিকার প্রশংসা করেন। প্রধানমন্ত্রী বলেন , একটি নৃশংস ও হৃদয়বিদারক হত্যাকাণ্ডের দ্রুত তদন্ত পরিচালনা , অপরাধীদের শনাক্তকরণ ও গ্রেফতারের মাধ্যমে সরকারের আইন -শৃঙ্খলা রক্ষায় দৃঢ় অঙ্গীকারের প্রতিফলন ঘটেছে। তিনি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, তদন্ত সংশ্লিষ্ট কর্মকর্তা ও সংশ্লিষ্ট সবাইকে জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে একই ধরনের পেশাদারিত্ব ও নিষ্ঠা বজায় রাখার আহ্বান জানান। সভায় উপস্থিত সদস্যরাও এ ঘটনায় দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য সংশ্লিষ্ট সবার ভূয়সী প্রশংসা করেন এবং ভবিষ্য তেও অপরাধ দমনে সরকারের জিরো টলারেন্স নীতি অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## পল্লবীতে ধর্ষণের পর শিশুহত্যা: সোহেল-স্বপ্নার মৃত্যুদণ্ড

রাজধানীর পল্লবীতে আট বছর বয়সি শিশুকে ধর্ষণের পর হত্যার বহুল আলোচিত মামলায় প্রধান আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে সোহেল রানাকে ৫ লাখ টাকা ও স্বপ্নাকে ২ লাখ টাকা জরিমানা করেছেন আদালত। রোববার (৭ জুন) ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীন এ রায় ঘোষণা করেন। মাত্র ১৭ দিনের বিচারিক কার্যক্রম শেষে বহুল আলোচিত এ মামলার রায় দেওয়া হলো। রায় ঘোষণাকে কে ন্দ্র করে আদালত এলাকায় ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়। সকাল ৮টা ২৯ মিনিটে আসামি স্বপ্না আক্তারকে আদালতে আনা হয়। পরে সকাল ৮টা ৫০ মিনিটে কড়া পুলিশি নিরাপত্তার মধ্যে প্রধান আসামি সোহেল রানাকে আদালতে হাজির করা হয়। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) প্রসিকিউশন বিভাগের উপ-কমিশনার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান জাগো নিউজকে বলেন , রায় ঘোষণাকে কেন্দ্র করে অতিরিক্ত তিন প্লাটুন

পুলিশ সদস্য মোতায়েন করা হয়েছে। অর্থাৎ প্রায় ৬০ জন অতিরিক্ত পুলিশ সদস্য দায়িত্ব পালন করছেন। এছাড়া, আদালত এলাকায় আগে থেকেই নিয়োজিত প্রায় ৪০ জন সদস্য রয়েছেন। সব মিলিয়ে ১০০ জনের বেশি পুলিশ সদস্য দায়িত্ব পালন করছেন। তিনি আরও বলেন, আদালতে সাধারণ মানুষের উপস্থিতিও তুলনামূলক কম। আমরা কোনো ধরনের ঝুঁকি বা আশঙ্কা দেখছি না। তারপরও প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## রায় কার্যকরে বিলম্ব হবে না: স্বরাষ্ট্রমন্ত্রী

রাজধানীর মিরপুরের পল্লবীতে ধর্ষণের পর শিশুহত্যা মামলার ডেথ রেফারেন্স দ্রুত শুনানির উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, সরকার সুপ্রিম কোর্টের নজরে বিষয়টি আনবে এবং অ্যাটর্নি জেনারেল অফিসকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলা হবে। ডেথ রেফারেন্স শুনানির পর যদি মৃত্যুদণ্ড বহাল থাকে, তাহলে কার্যকর করতে আর কোনো সময়ের বিলম্ব হবে না। রোববার (৭ জুন) দুপুরে পল্লবীতে ধর্ষণের পর শিশুহত্যার রায়ের পর স্বরাষ্ট্রমন্ত্রীর প্রতিক্রিয়া জানতে চাইলে স চিবালয়ে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, যখন কাউকে মৃত্যুদণ্ড দেওয়া হয়, তখন সেটি ডেথ রেফারেন্স হিসেবে হাইকোর্টে শুনানি করতে হয়। সাধারণত ডেথ রেফারেন্সের শুনানি সিরিয়াল অনুযায়ী হয় - আগেরটা আগে, পরেরটা পরে। তবে ব্যতিক্রম হিসেবেও দুই -একটি ঘটনা ঘটেছে। সালাহউদ্দিন আহমদ বলেন, আমরাও বিষয়টি সুপ্রিম কোর্টের নজরে আনবো এবং অ্যাটর্নি জেনারেল অফিসকে বলব, যাতে এই হত্যা মামলার ডেথ রেফারেন্স শুনানিটা আইনানুগভাবে কিছুটা এগিয়ে আনা যায়। তিনি আরও বলেন, ডেথ রেফারেন্স শুনানির পর যদি মৃত্যুদণ্ড বহাল থাকে, তাহলে কার্যকর করতে আর কোনো সময়ের বিলম্ব হবে না। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পল্লবীর শিশু হত্যা মামলা দেশের বিচারিক ইতিহাস ও পুলিশের তদন্ত কার্যক্রমে একটি `মাইলফলক, হিসেবে বিবেচিত হতে পারে। তিনি দাবি করেন, চাঞ্চল্যকর এ মামলায় দ্রুত ডিএনএ পরীক্ষা, ময়নাতদন্ত প্রতিবেদন ও চার্জশিট দাখিলের মাধ্যমে অল্প সময়ের মধ্যেই বিচার কার্যক্রমে সহায়তা করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## রায়ে আপাতত সরকার সন্তুষ্ট, উচ্চ আদালতেও বহাল থাকবে আশা আইনমন্ত্রীর

রাজধানীর পল্লবীতে আট বছর বয়সি শিশুকে ধর্ষণের পর হত্যার বহুল আলোচিত মাম লার রায়ে সরকার আপাতত সন্তুষ্ট বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। উচ্চ আদালতেও এই রায় কার্যকর থাকবে বলেও আশা প্রকাশ করেন মন্ত্রী। রোববার (৭ জুন) সচিবালয়ে রায়ের প্রতিক্রিয়ায় সাংবাদিকদের এ কথা জানান আইনমন্ত্রী। মামলায় প্রধান আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। একইসঙ্গে সোহেল রানাকে ৫ লাখ টাকা ও স্বপ্নাকে ২ লাখ টাকা জরিমানা করেছেন আদালত। রোববার ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীন এ রায় ঘোষণা করেন। মাত্র ১৭ দিনের বিচারিক কার্যক্রম শেষে বহুল আলোচিত এ মামলার রায় দেওয়া হলো। রায়ের প্রতিক্রিয়ায় আইনমন্ত্রী বলেন, আমরা আইনের প্রত্যেকটি ধাপ পেরিয়ে ছয় কার্যদিবসের মধ্যে বিচার প্রক্রিয়া সম্পন্ন করেছি। বিচারে ঘোষিত শাস্তিতে আমরা আপাতত সন্তুষ্ট, আশা করি, এটা উচ্চ আদালতে গেলেও এই রায় কার্যকর থাকবে। ছয়দিনের মধ্যে বিচারপ্রক্রিয়া সম্পন্ন করা বাংলাদেশের ইতিহাসে প্রথম বলেও দাবি করেন আইনমন্ত্রী। মন্ত্রী বলেন, "জাতির কাছে অত্যন্ত দুঃখ এবং বেদনাভারাক্রান্ত একটি ঘটনা ছিল এ হত্যাকাণ্ড। তাকে ফিরিয়ে আনতে পারবো না। আ মাদের যতটুকু করার, সেটা আমরা করার চেষ্টা করেছি। ১৯ মে,র ঘটনা, ২৪ মে,র মধ্যে আমরা তদন্ত সম্পন্ন করে চার্জশিট দিতে সক্ষম হয়েছি। ২৫ মে থেকে ৩১ মে পর্যন্ত সরকারি ছুটি ছিল। আমাদের নিম্ন আদালতগুলো ১ জুন থেকে ১৫ জুন পর্যন্ত সরকারি ছুটি ছিল। সরকারের পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রী বলেছিলেন, আমরা এক মাসের মধ্যে বিচারপ্রক্রিয়া সম্প ন্ন করতে বদ্ধ প্রতিশ্রুতিবদ্ধ।„ (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## ১০০ দিনে সংস্কারের প্রত্যাশা পূরণে পিছিয়ে সরকার

বিএনপি সরকারের প্রথম ১০০ দিনের কার্যক্রম পর্যালোচনা করে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) বলেছে, সরকার দুর্নীতি নিয়ন্ত্রণ, সুশাসন ও জবাবদিহিতা প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দিলেও বাস্তবায়নের ক্ষেত্রে প্রত্যাশিত অগ্রগতি দেখা যায়নি। বিশেষ করে রাষ্ট্র সংস্কার, দুর্নীতি দমন এবং জবাবদিহিমূলক শাসন প্রতিষ্ঠায় সুনির্দিষ্ট উ দ্যোগের ঘাটতি রয়ে গেছে বলে সংস্থাটি পর্যবেক্ষণ করে জানিয়েছে। রোববার (৭ জুন) বেলা ১১টায় রাজধানীর ধানমন্ডির মাইডাস সেন্টারে আয়োজিত `ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন পরবর্তী সরকারের ১০০ দিন : সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতিবিরোধী প্রতিশ্রুতি বাস্তবায়ন পর্যবেক্ষণ, শীর্ষক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। টিআইবির মূল্যায়নে বলা হয়, জুলাই অভ্যুত্থান ও গণ-আন্দোলনের অন্যতম লক্ষ্য ছিল একটি সুশাসিত, জবাবদিহিমূলক ও দুর্নীতিমুক্ত রাষ্ট্র প্রতিষ্ঠা। সে প্রত্যাশা সামনে রেখে নতুন সরকারের যাত্রা শুরু হলেও অর্থনৈতিক অস্থিতিশীলতা, উচ্চ মূল্যস্ফীতি, দুর্বল ব্যাংকিং খাত, আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং বিদ্যুৎ ও জ্বালানি খাতের সংকটের মতো নানা চ্যালেঞ্জ সরকারের সংস্কার কার্যক্রমকে প্রভাবিত করেছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়, সরকারের পক্ষ থেকে সরকারি গাড়ি ও বিভিন্ন সুবিধা

সীমিত করা, রাষ্ট্রীয় প্রটোকল গ্রহণ না করা এবং মন্ত্রণালয়ভিত্তিক কিছু নজরদারিমূলক পদক্ষেপ গ্রহণের মতো উদ্যোগ ইতিবাচক বার্তা দিয়েছে। তবে এসব পদক্ষেপ এখনো প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠার জন্য যথেষ্ট নয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## ডিবি পরিচয়ে তুলে নেওয়া হয় স্বর্ণ ব্যবসায়ীকে, ভয় দেখিয়ে ৫৭ ভরি সোনা লুট

ঈদুল আজহার আগের রাতে রাজধানীর ওয়ারী এলাকা থেকে ডিবি পুলিশের পরিচয়ে স্বর্ণ ব্যবসায়ী হরিপদ পাল ও তার প্রতিষ্ঠানের এক ব্যবস্থাপককে (ম্যানেজার) মাইক্রোবাসে তুলে নিয়ে যায় একটি চক্র। পরে অবৈধ মাদক রয়েছে বলে অভিযোগ তুলে চোখ-মুখ বেঁধে প্রাণনাশের হুমকি দিয়ে তাদের কাছ থেকে ৫৭ ভরি স্বর্ণালংকার ও নগদ টাকা ছিনিয়ে নেওয়া হয়। এরপর কমলাপুর রেলস্টেশন এলাকায় ভুক্তভোগী দু-জনকে ফেলে রেখে যায় চক্রটি। ডিবি পুলিশ পরিচয়ে সংঘটিত এ ডাকাতির ঘটনায় জড়িত ৯ জনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) থানা পুলিশ। রোববার (৭ জুন) রাজধানীর মিন্টো রোডে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ঢাকা মেট্রোপলিটন পুলিশের ওয়ারী বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মো. মাসুদ রানা এসব তথ্য জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## ২৭ দিন পর কফিনবন্দি হয়ে ফিরলেন লেবাননে নিহত দুই প্রবাসী

দীর্ঘ ২৭ দিন অপেক্ষার পর দেশে ফিরেছে লেবাননে ইসরায়েলি ড্রোন হামলায় নিহত সাতক্ষীরার দুই রেমিট্যান্স যোদ্ধা শফিকুল ইসলাম ও নাহিদুল ইসলামের মরদেহ। জীবিকার সন্ধানে বিদেশে গিয়ে ফিরলেন কফিনবন্দি হয়ে। রোববার (৭ জুন) সকালে নিজ নিজ গ্রামে মরদেহ পৌঁছালে স্বজনদের আহাজারিতে দুই পরিবারসহ পুরো এলাকায় নেমে আসে শোকের ছায়া। নিহত শফিকুল ইসলাম (৪০) সাতক্ষীরা সদরের ধুলিহর ইউনিয়নের ভালুকা চাঁদপুর গ্রামের বাসিন্দা। অপর নিহত নাহিদুল ইসলাম (২০) আশাশুনির কাদাকাটি গ্রামের বাসিন্দা। স্বজনরা জানান, শনিবার (৬ জুন) রাতে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায় তাদের মরদেহ। সরকারের পক্ষ থেকে নিহতদের স্বজনদের কাছে মরদেহ হস্তান্তর করা হয়। পরে অ্যাম্বুলেন্সে মরদেহ দুটি সাতক্ষীরায় আনা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## আদালত যে সিদ্ধান্ত দিয়েছেন, সেটি ন্যায়বিচারের অংশ : আসামিপক্ষের আইনজীবী

রাজধানীর পল্লবীতে ধর্ষণের পর হত্যা মামলায় দুই আসামির মৃত্যুদণ্ডের রায়ে আসামি পক্ষের রাষ্ট্রীয় খরচে নিযুক্ত আইনজীবী অ্যাডভোকেট মুসা আলিমুল্লাহ বলেছেন, সোহেল রানা কোনো সাফাই সাক্ষী উপস্থাপন করেনি। সে নিজেই আত্মস্বীকৃত অপরাধী। ফলে আদা লত যে সিদ্ধান্ত দিয়েছেন , সেটিকে আমি ন্যায়বিচারের অংশ হিসেবেই দেখি। রোববার (৭ জুন) ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালে রায় ঘোষণার পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তিনি আরও বলেন, বাংলাদেশের বিচারিক ইতিহাসে এত অল্প সময়ে এ ধরনের আলোচিত মামলার বিচার নিষ্পত্তির নজির আমার জানা নেই। এই রায়ের মাধ্যমে দেশবাসীর কাছে একটি স্পষ্ট বার্তা গেছে , অপরাধী অপরাধ করলে সে কোনোভাবেই নিস্তার পাবে না। তিনি বলেন, রাষ্ট্র ও সরকার এই বিচারের মাধ্যমে সমাজের কাছে একটি বার্তা দিতে চেয়েছে যে, দেশের মা-বোন ও শিশুরা যেন নিজ বাসা এবং বাইরে নিরাপদে চলাচল করতে পারে। বিচার ব্যবস্থার প্রতি মানুষের আস্থা বাড়াতেও এই রায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। রায়ে নিজের সন্তুষ্টির কথা জানিয়ে মুসা আলিমুল্লাহ বলেন, আমি মনে করি, এই রায়ের মাধ্যমে ন্যায়বিচার নিশ্চিত হয়েছে। উচ্চ আদালতে কী হবে, সেটা পরবর্তী বিষয়। তবে ট্রাইব্যুনালে যে বিচার হয়েছে , সেখানে আসামির নিজের বক্তব্য ও মামলার উপস্থাপিত তথ্য -প্রমাণ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## অবৈধ `পুশ-ইন, ঠেকাতে সীমান্তে সতর্ক বিজিবি: স্বরাষ্ট্রমন্ত্রী

সব ধরনের অবৈধ `পুশ-ইনের, চেষ্টাকে বাধা দেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, সীমান্তে আমাদের বর্ডার গার্ড সতর্ক আছে। সমস্ত অবৈধ `পুশ-ইনের, চেষ্টাকে আমরা বাধা দেব , এ পর্যন্ত তাই হয়েছে। রোববার (৭ জুন) দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলে ন। এক সাংবাদিক প্রশ্ন করেন , আগামীকাল থেকে চারদিনের বিজিবি ও বিএসএফের ডিজি পর্যায়ের বৈঠক হবে নয়াদিল্লিতে। এমন একটা সময়ে বৈঠক হচ্ছে , যখন `পুশ-ইনের, বিষয় বেশি আলোচনায়। এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন , ”ডিজি লেভেলের মিটিংটা একবার বাংলাদেশে হয়, আর একবার ভারতে হয়। এবার আমাদের ভারতে যাওয়ার পালা। ভারতে সমস্ত বিষয়গুলো আলোচনা হবে। এটাকে ডিজিএলটি বলা হয় , ডিজি লেভেলের টক। সেই টকের সিদ্ধান্তগুলো সেখানে সামারাইজ করে সিগনেচারের বিষয় আছে, সেটা আগে আলোচনা হোক, দেখি।„ তিনি বলেন, সীমান্তের সমস্ত বিষয় আলোচনা হবে । আমরা ডিপ্লোমেটিক চ্যানেলে এগুলো আলাপ -আলোচনা করে সমাধানের চেষ্টা করছি এবং আমাদের বর্ডার গার্ড সতর্ক আছে। সমস্ত অবৈধ `পুশ-ইনের, চেষ্টাকে আমরা বাধা দেব। এ পর্যন্ত তাই হয়েছে। তবে বিষয়গুলো ডিপ্লোমেটিক চ্যানেলে আলোচনার মাধ্যমে সমাধান করা প্রাথমিকভাবে আমাদের প্রয়োজন। জানা

গেছে, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) মধ্যে মহাপরিচালক পর্যায়ের ৫৭তম সীমান্ত সম্মেলন আগামী ৮ থেকে ১১ জুন ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত হবে। চার দিনব্যাপী এ সম্মেলনে সীমান্ত-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হবে। সম্মেলনে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকীর নেতৃত্বে ১৫ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল অংশ নেবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## গণ-অভ্যুত্থান দিবসে শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সংবর্ধনা দেবে সরকার

আগামী ৫ আগস্ট জুলাই গণ-অভ্যুত্থান দিবসে শ হিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সংবর্ধনা দেবে সরকার। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খানের সভাপতিত্বে সম্প্রতি এক আন্তঃমন্ত্রণালয় সভায় এ সিদ্ধান্ত হয়েছে। সভার কার্যপত্র থেকে এ তথ্য জানা গেছে। কার্যপত্রে বলা হয়েছে, ৫ আগস্ট বেলা ১১টায় রাজধানীর বাংলাদেশ চীন -মৈত্রী সম্মেলন কেন্দ্রে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় ও ঢাকা জেলা প্রশাসন জুলাই শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের সংবর্ধনা এবং দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন করবে। জেলা পর্যায়ে শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সম্মানে সংবর্ধনা ও দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠান আয়োজন করতে হবে বলে সভায় সিদ্ধান্ত হয়েছে। বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশনে আলোচনা সভার আয়োজন করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## রাষ্ট্র তার অঙ্গীকার বাস্তবায়ন করেছে: রায়ের পর অ্যাটর্নি জেনারেল

পল্লবীতে আট বছরের শিশুকে ধর্ষণের পর হত্যা মামলায় আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না খাতুন কে মৃত্যুদণ্ডের রায় বিচারিক প্রক্রিয়ার মাইলফলক বলে মন্তব্য করেছেন অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল। ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল বলেন, এত কম সময়ে শিশুটিকে ধর্ষণের পর হত্যা মামলার বিচার সম্পন্ন করে রাষ্ট্র তার অঙ্গীকার বাস্তবায়ন করেছে। রাষ্ট্রের সব যন্ত্র সক্রিয়ভাবে কাজ করেছে বলে এত দ্রুত বিচার করা সম্ভব হয়েছে বলেও জানান তিনি। রোববার (৭ জুন) মামলার রায় ঘোষণার প্রতিক্রিয়ায় সুপ্রিম কোর্টে এক ব্রিফিংয়ে অ্যাটর্নি জেনারেল এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## রুমিন ফারহানাকে দেওয়া কথা রাখেননি বিদ্যুৎমন্ত্রী

জাতীয় সংসদে দেওয়া প্রতিশ্রুতি রক্ষা করতে না পারায় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহামুদকে সতর্ক করেছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। সংসদে কোনো প্রতিশ্রুতি দেওয়ার আগে আনুষঙ্গিক বিষয়গুলো ভালোভাবে স্টাডি বা পর্যালোচনা করে নেওয়ার জন্য মন্ত্রীকে পরামর্শ দেন স্পিকার। এর আগে, আশুগঞ্জ সার কারখানায় ১ মে-এর মধ্যে গ্যাস সরবরাহ করা হবে বলে রুমিন ফারহানাকে প্রতিশ্রুতি দেন বিদ্যুৎমন্ত্রী। রোববার (৭ জুন) সংসদ অধিবেশনে আশুগঞ্জ সার কারখানায় (ফার্টিলাইজার) গ্যাস সরবরাহ নিয়ে সং সদ সদস্য রুমিন ফারহানার এক সম্পূরক প্রশ্নের জেরে স্পিকার এই মন্তব্য করেন। অধিবেশনে সম্পূরক প্রশ্নে ফ্লোর নিয়ে সংসদ সদস্য রুমিন ফারহানা মন্ত্রীর কাছে তার আগের একটি প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দেন। রুমিন ফারহানা বলেন, মন্ত্রী এই মহান সংসদে দাঁড়িয়ে আমাকে কথা দিয়েছিলেন যে, পহেলা মে-র মধ্যে আশুগঞ্জ ফার্টিলাইজারে গ্যাসের সংযোগ দেওয়া হবে। এরপরে আরও এক মাস তিন -চার দিন পার হয়ে গেছে। কিন্তু এখনও আশুগঞ্জ ফার্টিলাইজারে গ্যাসের সাপ্লাই আমরা পাইনি। আশুগঞ্জ সার কারখানায় কবে নাগাদ গ্যাস পাওয়া যাবে - এমন সুনির্দিষ্ট প্রশ্ন রাখেন রুমিন ফারহানা। তার প্রশ্নের জবাবে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহামুদ টুকু দেশে গ্যাসের সীমাবদ্ধতার কথা তুলে ধরেন। বর্তমানে সার কারখানার চেয়ে বিদ্যুৎকেন্দ্রগুলোতে গ্যাস সরবরাহকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে উল্লেখ করে তিনি বলেন, উনি বিদ্যুৎ চাচ্ছেন। আবার ওনার ফার্টিলাইজার ফ্যাক্টরিতেও গ্যাস চাচ্ছেন। গ্যাসের তো একটা সীমাবদ্ধতা আছে। এজন্য আমাদের বিদ্যুৎ প্ল্যান্টগুলো চালিয়ে রাখতে হচ্ছে এবং সেই কারণে তার ওখানে আমরা সংযোগ দিতে পারছি না। মন্ত্রী আরও বলেন, গত ১৭ বছরে কোনোদিন ড্রিলিং (খনন) হয়নি। আমরা এই প্রথম এসে ড্রিলিং শুরু করেছি এবং আশা করি, ইনশাল্লাহ আমরা গ্যাস পাবো। গ্যাস পাওয়ার পরে আশুগঞ্জ ফার্টিলাইজারের মতো কারখানায় আমরা সংযোগ দিতে পারবো। মন্ত্রীর এই বক্তব্যের পর স্পিকার হাফিজ উদ্দিন আহমদ মন্ত্রীকে তার দেওয়া আগের প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দিয়ে বলেন, মাননীয় মন্ত্রী, আপনি কিন্তু সংসদে বলেছিলেন, ১ তারিখ থেকে গ্যাস যাবে। সেটি বোধহয় পাওয়া যায়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## পাঁচ সদস্যের সভাপতিমণ্ডলীর নাম ঘোষণা স্পিকারের

স্পিকার ও ডেপুটি স্পিকারের অনুপস্থিতিতে জাতীয় সংসদ অধিবেশনে সভাপতিত্ব করার জন্য পাঁচ সদস্যের সভাপতিমণ্ডলীর নাম ঘোষণা করেছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। তিনি জানান, সংসদীয় কার্যপ্রণালি বিধি অনুযায়ী, স্পিকার ও ডেপুটি স্পিকারের অনুপস্থিতিতে বৈঠকে উপস্থিত সভাপতিমণ্ডলীর তালিকায় যার নাম শীর্ষে

থাকবে, তিনিই স্পিকারের আসন গ্রহণ করে অধিবেশন পরিচালনা করবেন। রোববার (৭ জুন) বিকেল ৩টায় ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন শুরু হয়। এতে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। সংসদ অধিবেশনে স্পিকার-ঘোষিত সভাপতিমণ্ডলীর তালিকায় প্রথম স্থানে রয়েছেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য বেগম সেলিমা রহমান। দ্বিতীয় অবস্থানে আছেন কিশোরগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য ডক্টর মোহাম্মদ ওসমান ফারুক। এরপর নাম রয়েছে বরিশাল-৩ আসনের সংসদ সদস্য জয়নুল আবেদিনের। এছাড়া, নোয়াখালী-৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শাহজাহানকে চতুর্থ এবং চট্টগ্রাম-১৫ আসনের সংসদ সদস্য শাহজাহান চৌধুরীকে পঞ্চম সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## ৩ দিনের সফরে রাশিয়া গেলেন পররাষ্ট্রমন্ত্রী

তিনদিনের সফরে আজ রোববার (৭ জুন) সকালে রাশিয়ার উদ্দেশ্যে ঢাকা ছেড়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। প্রধানমন্ত্রী তারেক রহমানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির সফরসঙ্গী হিসেবে তার সঙ্গে রয়েছেন। আগামী ৯ জুন পররাষ্ট্রমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে। সকালে পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা কামরুল ইসলাম ভূঁইয়া এ তথ্য জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## সংসদে বাজেট নিয়ে আলোচনা হবে ৪০ ঘণ্টা

জাতীয় সংসদে উপস্থাপিত হতে যাওয়া সাধারণ বাজেট নিয়ে আলোচনার জন্য মোট ৪০ ঘণ্টা সময় নির্ধারণ করা হয়েছে। রোববার (৭ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের কার্য উপদেষ্টা কমিটির তৃতীয় বৈঠকে এ সময় নির্ধারণ করা হয়। সংসদ ভবনের ক্যাবিনেট কক্ষে বৈঠকটি হয়। কমিটির সভাপতি ও সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বৈঠকে সভাপতিত্ব করেন। এতে কমিটির সদস্য, সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান অংশ নেন। বৈঠকে আরও অংশগ্রহণ করেন কমিটির সদস্য বিরোধীদলীয় নেতা মো. শফিকুর রহমান, ড. খন্দকার মোশাররফ হোসেন, স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, গয়েশ্বর চন্দ্র রায়, চিফ হুইপ মো. নূরুল ইসলাম, আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান, বিরোধীদলের উপনেতা সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের, এ টি এম আজহারুল ইসলাম, বিরোধীদলের চিফ হুইপ মো. নাহিদ ইসলাম এবং মুহাম্মদ নওশাদ জমির। স্পিকারের বিশেষ আমন্ত্রণে বৈঠকে অংশ নেন সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। বৈঠকে ত্রয়োদশ জাতীয় সংসদের বাজেট অধিবেশনের কার্যাদি নিষ্পন্নের জন্য সময় বরাদ্দকরণ ও অধিবেশনের স্থায়িত্বকাল নিয়ে আলোচনা করা হয়। সাধারণত সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন বিকেল ৩টায় অধিবেশন শুরু হবে। আগামী ৯ জুলাই ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন সমাপ্ত হবে বলে বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়। সেই সঙ্গে প্রস্তাব করা হয় ২৭ থেকে ৩০ জুন- এ চারদিন প্রতিদিন দুই বেলা বৈঠক অনুষ্ঠিত হতে পারে। প্রয়োজনে অধিবেশনের সময় ও কার্যদিবস সম্পর্কিত যে-কোনো বিষয় পরিবর্তনের ক্ষমতা স্পিকারকে দেওয়া হয়। এ অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য ১৯১টি ও অন্যান্য মন্ত্রীর জন্য তিন হাজার ৩৭টি প্রশ্নসহ মোট তিন হাজার ২২৮টি প্রশ্ন পাওয়া গেছে। সেই সঙ্গে বিধি-৭১-এ মনোযোগ আকর্ষণের ৯৮টি এবং সিদ্ধান্ত-প্রস্তাবের (বিধি-১৩১)-এ ২৯৩টি নোটিশ পাওয়া গেছে। বৈঠকে সচিবিক সহায়তা দেন সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভুঁইয়া। এসময় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## সরকারি সফরে চীন গেলেন তথ্যমন্ত্রী

চীন সরকারের আমন্ত্রণে সরকারি সফরে চীনের উদ্দেশ্যে রোববার (৭ জুন) ঢাকা ত্যাগ করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। সফর উপলক্ষ্যে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জে মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। এ সময় সফর-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে তাদের মধ্যে সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠিত হয়। তথ্যমন্ত্রী চায়না মিডিয়া গ্রুপের আয়োজনে ৮-১১ জুন অনুষ্ঠিতব্য `পঞ্চম সিএমজি ফোরাম,-এ অংশগ্রহণ করবেন। এছাড়া, সফরকালে চীনের তথ্যমন্ত্রীর সঙ্গে তার একটি গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। বৈঠকে তথ্য ব্যবস্থাপনা, গণমাধ্যম খাতে সহযোগিতা বৃদ্ধি, ডিজিটাল যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং তথ্য বিনিময় সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা হবে। বিশেষ করে তথ্য ব্যবস্থাপনা বিষয়ে বাংলাদেশ ও চীনের মধ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরের সম্ভাবনা নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে। এ সফরের মাধ্যমে তথ্য ও গণমাধ্যম খাতে বাংলাদেশ ও চীনের পারস্পরিক সহযোগিতা আরও জোরদার হবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## নারী সদস্যদের আগমনে সংসদ পূর্ণতা পেয়েছে: স্পিকার

শুরু হয়েছে ত্রয়োদশ জাতীয় সংসদের বাজেট অধিবেশন। শুরুতেই সংসদ সদস্যদের উদ্দেশ্যে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, আজ সংসদ খুব কালারফুল দেখাচ্ছে। স্পিকার আরও বলেন, সংসদ আজ নারী সদস্যদের আগমনে

পূর্ণতা পেয়েছে। তাদেরও আমি অভিনন্দন জানাই। এর পরই এ বি এম আশরাফ উদ্দিন নিজামকে মোনাজাত পরিচালনার জন্য আহ্বান জানান স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## দীপু মনি, মোজাম্মেল বাবু, ফারজানা রুপাকে জিজ্ঞাসাবাদের নির্দেশ

২০১৩ সালের ৫ মে রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশে সংঘটিত হত্যাকাণ্ডের ঘটনায় করা মামলায় সাংবাদিক মোজাম্মেল বাবু ও ফারজানা রুপাকে একদিন করে জিজ্ঞাসাবাদের নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। একইসঙ্গে মানবতাবিরোধী অপরাধের এ মামলায় সাবেক মন্ত্রী দীপু মনিকেও জিজ্ঞাসাবাদের নির্দেশ দেওয়া হয়েছে। রোববার (৭ জুন) ট্রাইব্যুনাল-১ এর বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এই আদেশ দেন। আদেশে বলা হয়, আগামী ১০ দিনের মধ্যে এই তিন আসামিকে এক দিন করে জিজ্ঞাসাবাদ করতে বলা হয়েছে। ট্রাইব্যুনালের অন্য দুই সদস্য হলেন- বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও বিচারপতি মো. মোহিতুল হক এনাম চৌধুরী। মামলায় তদন্ত অগ্রগতি বা প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল আজ (রোববার)। রাষ্ট্রপক্ষের প্রতিবেদন দাখিলের জন্য সময়ের আবেদনের পরিপ্রেক্ষিতে ট্রাইব্যুনাল তা মঞ্জুর করেন। একইসঙ্গে, তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য আগামী ১০ আগস্ট তারিখ ধার্য করেছেন ট্রাইব্যুনাল। মামলার আসামি হলেন - সাবেক শিক্ষামন্ত্রী দীপু মনি, সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী শামসুল হক, একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির সভাপতি শাহরিয়ার কবির, মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসান, পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক, পুলিশের সাবেক উপ -মহাপরিদর্শক (ডিআইজি) মোল্যা নজরুল ইসলাম, সাংবাদিক মোজাম্মেল হক বাবু ও ফারজানা রুপা। শুনানিতে সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী জেড আই খান পান্না বলেন, শাহরিয়ার কবির চলাচলে সক্ষম নন। তার চলাচলের জন্য হুইলচেয়ার দেওয়া হোক। এই আবেদন মঞ্জুর করেন ট্রাইব্যুনাল। মামলার অন্য আসামি ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মহীউদ্দীন খান আলমগীর, সাবেক আইজিপি হাসান মাহমুদ খন্দকার, বেনজীর আহমেদ, গণজাগরণ মঞ্চের মুখপাত্র ইমরান এইচ সরকার প্রমুখ পলাতক। ২০১৩ সালের মে মাসে রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশ ঘিরে এখন পর্যন্ত ঢাকা, নারায়ণগঞ্জ, কুমিল্লা ও চট্টগ্রামে ৫৮ জনের হত্যাকাণ্ডের শিকার হওয়ার তথ্য পাওয়া গেছে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেছেন, এই ৫৮ জনের পরিচয় শনাক্ত করা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ রিহাব)

## গ্যাস-সংকটে সার কারখানা চালু করা হচ্ছে না : সংসদে শিল্পমন্ত্রী

গ্যাস-সংকটে সার কারখানা চালানো যাচ্ছে না বলে জাতীয় সংসদকে জানিয়েছেন শিল্পমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। রোববার (৭ জুন) সংসদ অধিবেশনে জামালপুর-৪ আসনের সংসদ সদস্য ফরিদুল কবির তালুকদারের প্রশ্নের জবাবে এ কথা জানান তিনি। ফরিদুল কবির তালুকদার যমুনা সার কারখানা পূর্ণ সক্ষমতায় চালুর বিষয়ে প্রশ্ন তোলেন। জবাবে শিল্পমন্ত্রী বলেন, কারখানাটি উৎপাদন সক্ষম রয়েছে, তবে গ্যাসের অভাবে চালানো যাচ্ছে না। গ্যাস প্রাপ্তি সাপেক্ষে এটি চালু করতে কোনো সমস্যা নেই। তিনি জানান, সার কারখানাগুলোর জন্য আলাদা গ্যাস নেটওয়ার্ক তৈরির সম্ভাবনাও সরকার বিবেচনা করছে।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৬.২০২৬ রুবাইয়া)

## ৯০ শতাংশ মানসিক রোগীই চিকিৎসার বাইরে

স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. প্রভাত চন্দ্র বিশ্বাস জানিয়েছেন, দেশে মানসিক রোগে আক্রান্ত জনসংখ্যার প্রায় ৯০ শতাংশই চিকিৎসার আওতার বাইরে। জনবলের ভয়াবহ সংকট এবং পুরোনো শিক্ষাক্রম এর প্রধান কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। রোববার (৭ জুন) রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে `বাংলাদেশে মানসিক স্বাস্থ্যসেবা প্রাপ্তির নাগরিক অধিকার ও কাঠামোগত সংস্কার, শীর্ষক এক জাতীয় পরামর্শ সভায় সভাপতির বক্তব্যে তিনি এ তথ্য জানান। সভায় প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদা) ড. এস এম জিয়াউদ্দিন হায়দার। সম্প্রতি মানসিক ভারসাম্যহীন দুলালির মৃত্যু থেকে শিক্ষা নিয়ে নিজেদের করণীয় নির্ধারণে এই সভার আয়োজন করে `ইনোভেশন ফর ওয়েলবিং ফাউন্ডেশন,। অনুষ্ঠানে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. প্রভাত চন্দ্র বিশ্বাস বলেন, দেশে প্রায় ১৭ কোটি মানুষের জন্য মনোরোগ বিশেষজ্ঞের সংখ্যা মাত্র ৩০৫ জন এবং সাইকোলজিস্টের সংখ্যা প্রায় ৫০০ জন। এই অপর্যাপ্ত জনবল দিয়ে বিপুলসংখ্যক রোগীর সেবা নিশ্চিত করা কোনোভাবেই সম্ভব নয়। সভায় নীতি-নির্ধারকরা মেডিকেল শিক্ষাক্রম এবং নার্সিং কারিকুলাম আধুনিকায়নের প্রয়োজনীয়তা তুলে ধরেন, যেন সাধারণ চিকিৎসকরাও প্রাথমিক পর্যায়ে মানসিক রোগের লক্ষণ শনাক্ত করতে পারেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৬.২০২৬ রুবাইয়া)

## ডেঙ্গু মোকাবিলায় সবাইকে সম্পৃক্ত হতে হবে: স্বাস্থ্যমন্ত্রী

ডেঙ্গু এখন আর সাধারণ কোনো রোগ নয়, এটি পুরো জাতির জন্য একটি বড়ো চ্যালেঞ্জে পরিণত হয়েছে বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। এই সংকট মোকাবিলাকে একটি `টোটাল

ফাইট, (সর্বাত্মক যুদ্ধ) আখ্যা দিয়ে তিনি বলেন, এটি কেবল স্বাস্থ্য মন্ত্রণালয় বা হাসপাতালের দায়িত্ব নয়, বরং দেশের প্রতিটি নাগরিককে এই লড়াইয়ে সম্পৃক্ত হতে হবে। রোববার (৭ জুন) বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএমইউ) শহিদ ড. মিলন হলে ডেঙ্গুর ক্লিনিক্যাল ম্যানেজমেন্ট বিষয়ক একটি জাতীয় `ট্রেনিং অব ট্রেইনার্স, কার্যক্রমের প্রথম ব্যাচের উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ইউনিসেফ বাংলাদেশ এবং বাংলাদেশ সোসাইটি অব মেডিসিনের যৌথ সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। সিটি করপোরেশন ও জেলা প্রশাসকদের পরিচ্ছন্নতা অভিযানের ওপর জোর দেওয়ার কথা উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, আমি তাদের ওপর চাপ দিতে পারি, কিন্তু শতভাগ মশা বা লার্ভা ধ্বংস করা সম্ভব কি না, তা নিশ্চিত করতে পারি না। মশা ২০০ মিটার পর্যন্ত উড়তে পারে এবং যে-কোনো ফাঁক-ফোকর দিয়ে ঘরে ঢুকে যেতে পারে। তাই দেশের প্রতিটি নালা-নর্দমা, ডোবা, জলাবদ্ধ স্থান এবং কচুরিপানাযুক্ত এলাকা পরিষ্কার না করলে এই যুদ্ধে জয়ী হওয়া সম্ভব নয়। তিনি স্পষ্ট জানান, একক কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির পক্ষে এ সংকট মোকাবিলা করা সম্ভব নয়। এর জন্য প্রয়োজন সমন্বিত জাতীয় উদ্যোগ। ডেঙ্গুর ভ্যাকসিনের প্রসঙ্গে মন্ত্রী জানান, টিকাদান কর্মসূচির বিষয়টি সরকারের বিবেচনায় থাকলেও এটি অত্যন্ত ব্যয়বহুল এবং বাস্তবায়ন করা বেশ কঠিন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৬.২০২৬ রুবাইয়া)

## সীমান্ত হত্যা, `পুশ-ইন, ইস্যুতে নয়াদিল্লিকে বার্তা দেবে বিজিবি

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বিএনপি সরকার গঠনের পর বাংলাদেশ-ভারতের দুই সীমান্তরক্ষী বাহিনীর প্রথম মহাপরিচালক পর্যায়ের সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে সোমবার (৮ জুন)। সীমান্তে বিজিবি-বিএসএফের মধ্যে বাড়তে থাকা উত্তেজনা ও `পুশ-ইন, ঠেকাতে বিজিবির কঠোর অবস্থানের প্রেক্ষাপটের মধ্যেই ভারতের নয়াদিল্লিতে শুরু হতে যাচ্ছে এবারের সম্মেলন। সম্মেলনে সীমান্ত হত্যা, `পুশ-ইন, বন্ধ, আকাশসীমা লঙ্ঘন করে ভারতের ড্রোন-হেলিকপ্টার ব্যবহার, অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন, স্থায়ী সীমান্ত পিলার স্থাপন এবং আঞ্চলিক বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীর তৎপরতা বন্ধসহ গুরুত্বপূর্ণ অ্যাজেন্ডা বৈঠকে তুলে ধরবে বিজিবি। গত ৩ থেকে ৬ জুন পর্যন্ত চারদিনে বিএসএফের ২১টি `পুশ-ইনের, ঘটনা সফল হতে দেয়নি বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। এসব ঘটনার মাধ্যমে দুই শতাধিক ব্যক্তিকে ঠেলে পাঠানোর চেষ্টা হয়েছিল। বিজিবির ঊর্ধ্বতন কর্মকর্তারা বলেন, ভারতের সঙ্গে বাংলাদেশের ৪ হাজার ৪৮৭ কিলোমিটার সীমান্তের অর্ধেকের বেশি অর্থাৎ, ২ হাজার ২১৬ কিলোমিটার সীমান্ত আছে পশ্চিমবঙ্গ রাজ্যের সঙ্গে। বাকি সীমান্ত রয়েছে ত্রিপুরা, মেঘালয়, মিজোরাম ও আসাম রাজ্যে। ভারত কিছু অংশে কাঁটাতারের বেড়া দিয়েছে। বেশিরভাগ অংশই অরক্ষিত। ভারতের কেন্দ্রীয় শাসক দল ভারতীয় জনতা পার্টি (বিজেপি) এক মাস আগে পশ্চিমবঙ্গ রাজ্যের ক্ষমতা গ্রহণের পর বিএসএফ `পুশ-ইনে, বেশি তৎপর বলে জানা যায়। অন্তত পরিসংখ্যান তাই বলছে। পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে জয়ের পর গত ৯ মে মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেন বিজেপি নেতা শুভেন্দু অধিকারী। রাজ্য সরকারের দায়িত্ব নিয়েই তিনি ঘোষণা দেন, অবৈধ বাংলাদেশি ও অনুপ্রবেশকারীদের আটক করে বাংলাদেশে পাঠানো হবে। বিজিবি সদর দপ্তর সূত্র জানায়, এবারের বৈঠকে সীমান্ত হত্যা ও `পুশ-ইন, বন্ধের দাবি প্রথম অ্যাজেন্ডায় থাকছে। বিগত দুই বছরে বিএসএফ বাংলাদেশে ২২০০-এর বেশি মানুষকে `পুশ-ইন, করেছে। এর মধ্যে রোহিঙ্গা জনগোষ্ঠী ও ভারতীয় নাগরিকও রয়েছে। গত মাস থেকে শুরু করে চলতি জুন মাসে বিএসএফ বাংলাদেশের বিশেষ করে উত্তর-পশ্চিমাঞ্চলের সীমান্তের বিভিন্ন পয়েন্ট দিয়ে ২০০-এর বেশি মানুষকে `পুশ-ইন, করার চেষ্টা করে। `পুশ-ইন, নিয়ে বিএসএফের কাছে ব্যাখ্যা চাইবে বিজিবি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৬. ২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## ধ্বংসস্তূপ থেকে ঘুরে দাঁড়াবে শিক্ষাব্যবস্থা: প্রধানমন্ত্রী

দেড় দশকের ফ্যাসিবাদী শাসনামলে দেশের অন্য প্রতিষ্ঠানের মতো শিক্ষাব্যবস্থাকেও সম্পূর্ণ ধ্বংস করে দেওয়া হয়েছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তবে সেই ধ্বংসস্তূপ থেকে গণতান্ত্রিক বাংলাদেশে এবার শিক্ষাব্যবস্থা ঘুরে দাঁড়াবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন তিনি। রোববার সকালে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে `জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে দক্ষতাভিত্তিক শিক্ষার অন্তর্ভুক্তকরণ, শীর্ষক জাতীয় প্রশিক্ষণ কার্যক্রমের উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে একটি জ্ঞানভিত্তিক রাষ্ট্র গড়ে তুলতে হবে, নইলে আন্তর্জাতিক প্রতিযোগিতায় টিকে থাকা কঠিন হবে। চলমান প্রযুক্তিগত বিপ্লব ও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষতাভিত্তিক এবং বাস্তবতানির্ভর শিক্ষাব্যবস্থা গড়ে তোলার কোনো বিকল্প নেই। এই লক্ষ্যকে সামনে রেখে সরকার ইতোমধ্যে প্রাথমিক থেকে শুরু করে সর্বস্তরের শিক্ষাক্রমকে বাস্তবভিত্তিক ও প্রযুক্তিনির্ভর করে গড়ে তোলার কাজ হাতে নিয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, উচ্চশিক্ষাকে আরও প্রযুক্তিনির্ভর করা এখন সময়ের দাবি। তরুণ প্রজন্মকে কেবল ডিগ্রিসর্বস্ব শিক্ষার মধ্যে সীমাবদ্ধ না

রেখে, আন্তর্জাতিক মানের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার ওপর জোর দেন তিনি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে এই সময়োপযোগী সংস্কারের উদ্যোগকে স্বাগত জানিয়ে অনুষ্ঠানে উপস্থিত শিক্ষাবিদ ও বিশেষজ্ঞরা আশা প্রকাশ করেন, এই প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে দেশের উচ্চশিক্ষা স্তরে গুণগত পরিবর্তন আসবে। উদ্‌বোধনী অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং দেশের বিভিন্ন কলেজের অধ্যক্ষরা উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ আসাদ)

## সরকার জ্ঞান-মেধাভিত্তিক রাষ্ট্র গড়তে চায়: প্রধানমন্ত্রী

বর্তমান সরকার একটি জ্ঞান ও মেধাভিত্তিক রাষ্ট্র এবং সমাজ গড়তে চায়। সমাজ পরিবর্তনের অগ্রদূত ও রোল মডেল হিসেবে শিক্ষকদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শিক্ষকদের সমাজ পরিবর্তনে র অগ্রদূত ও রোল মডেল হিসেবে ভূমিকা রাখার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, "দেশের ছাত্র ও যুবশক্তিকে প্রযুক্তিতে দক্ষ মানবসম্পদে রূপান্তর করতে পারলে সমৃদ্ধ ও স্বনির্ভর বাংলাদেশ বিশ্বের রোল মডেল হবে। „ রোববার সকালে বাংলাদেশ চীন -মৈত্রী সম্মেলন কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত `কর্মমুখী ও টেকনিক্যাল শিক্ষা বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ, কার্যক্রমের উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, প্রযুক্তিগত জ্ঞান অর্জনের পাশাপাশি দেশের আবহমানকালের ধর্মীয় , সামাজিক, নৈতিক মূল্যবোধে নিজেদের সমৃদ্ধ করতে হবে। বাংলা এবং ইংরেজির পাশাপাশি তৃতীয় আরেকটি ভাষা শিখতে পারলে দেশ -বিদেশে কোথাও চাকরির অভাব হবে না। জনগণের কাছে দায়বদ্ধ এই সরকার একটি জ্ঞান ও মেধাভিত্তিক রাষ্ট্র এবং সমাজ গড়তে চায়। প্রধানমন্ত্রী তারেক রহমান দেশে সনদনির্ভর শিক্ষা র পরিবর্তে দক্ষতাভিত্তিক , প্রযুক্তিনির্ভর এবং বাস্তব ও কর্মমুখী শিক্ষাব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। প্রধানমন্ত্রী বলেন , জ্ঞান ও মেধাভিত্তিক সমাজ গঠনের মূল ভিত্তি হলো এমন একটি পরিবেশ তৈরি করা , যেখানে শিক্ষা, গবেষণা, মেধা, যোগ্যতা এবং সৃজনশীলতা সর্বো চ্চ গুরুত্ব পাবে। চতুর্থ শিল্পবিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা ও অটোমেশনের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রচলিত শিক্ষা কারিকুলামকে আধুনিক ও সময়োপযোগী করার কোনো বিকল্প নেই। একটি জ্ঞানভিত্তিক রাষ্ট্র ও সমাজ গড়ে তোলার ওপর জোর দিয়ে প্রধানমন্ত্রী বলেন, "দেশের স্বাধীনতা এবং মুক্তিযুদ্ধ অর্জন থেকে শুরু করে আজ পর্যন্ত ইতিহাসের প্রতিটি বাঁকে যে-সব সাহসী মানুষ গণতন্ত্র প্রতিষ্ঠা এবং দেশ ও জনগণের স্বাধী নতা রক্ষায় আত্মত্যাগ করেছেন, তাদের অবদানকে সম্মান জানাতে আমাদের শিক্ষাদীক্ষায় , জ্ঞানে-বিজ্ঞানে ও প্রযুক্তিতে নিজেদের প্র স্তুত করতে হবে। অন্যথায় বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকা কষ্টকর হবে।„ (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ আসাদ)

## আরো কমলো জেট ফুয়েলের দাম

উড়োজাহাজের জ্বালানি জেট ফুয়েলের দাম ১৫ দিনের ব্যবধানে আবারও কমি য়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন বিইআরসি। নতুন সিদ্ধান্ত অনুযায়ী , অভ্যন্তরীণ রুটে ব্যবহৃত জেট ফুয়েলের দাম লিটারপ্রতি ১৫ টাকা ৬৭ পয়সা কমিয়ে ১৫০ টাকা ৪১ পয়সা নির্ধারণ করা হয়েছে। রবিবার বিইআরসির জারি করা এক আদেশে এ দাম নির্ধারণ করা হয়। এর আগে, গত ২৩ মে জেট ফুয়েলের দাম লিটারপ্রতি ৩৯ টাকা ৫৭ পয়সা কমিয়ে ১৬৫ টাকা ৮৮ পয়সা করা হয়েছিল। নতুন আদেশ অনুযায়ী , আন্তর্জাতিক রুটে চলাচলকারী এয়ারলাইনসগুলোর জন্য জেট ফুয়েলের দাম প্রতি লিটারে ১ দশমিক ০৮২৩ ডলার থেকে কমিয়ে শূন্য দশমিক ৯৮০৮ ডলার নির্ধারণ করা হয়েছে। এর আগে , কয়েক দফা মূল্যবৃদ্ধির পর গত ৭ এপ্রিল দেশীয় রুটে জেট ফুয়েলের দাম লিটারপ্রতি ২২৭ টাকা পর্যন্ত উঠেছিল। সেই হিসাবে গত দুই মাসে জেট ফুয়েলের দাম মোট ৫৭ টাকা কমেছে। জ্বালানি খাত সংশ্লিষ্টরা মনে করছেন, আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দামের নিম্নমুখী প্রবণতার প্রভাবেই দেশে জেট ফুয়েলের মূল্য ধারাবাহিকভাবে সমন্বয় করা হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ আসাদ)

## ফিফা থেকে বিশ্বকাপ সম্প্রচারস্বত্ব কিনছে বিটিভি

বাংলাদেশ টেলিভিশনের জন্য ফিফা বিশ্বকাপ ২০২৬-এর সর্বমাধ্যম সম্প্রচারস্বত্ব সরাসরি ফিফা থেকে ক্রয়ের একটি প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। বাংলাদেশ সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত চলতি বছরের সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২৫তম সভায় এই অনুমোদন দেওয়া হয়। সংশ্লিষ্ট সূত্র জানায় , তথ্য ও সম্প্রচার মন্ত্র ণালয় সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে ফিফার কাছ থেকে এই সম্প্রচারস্বত্ব ক্রয়ের অনুমোদন চেয়ে কমিটির কাছে প্রস্তাবটি উপস্থাপন করে। প্রস্তাব অনুযায়ী , এ সম্প্রচারস্বত্ব ক্রয়ে মোট চুক্তি মূল্য নির্ধারণ করা হয়েছে ৭২ কোটি ৭১ লাখ টাকা। প্রস্তাবের আওতায়, বিটিভি ফিফা বিশ্বকাপ ২০২৬-এর `অল মিডিয়া রাইটস, অর্জন করবে। যার ফলে রাষ্ট্রীয় এই সম্প্রচার মাধ্যমটি বিভিন্ন প্ল্যাটফর্মে টুর্নামেন্টের পূর্ণাঙ্গ সম্প্রচার ও অনুষ্ঠান প্রচার করতে পারবে। কর্মকর্তারা জানিয়েছেন , কমিটি প্রস্তাবটির কারিগরি ও আর্থিক দিকসহ সার্বিক বিষয় পর্যালোচনা করে এটি অনুমোদনের সুপারিশ করেছে। আন্তর্জাতিক ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফার সাথে সরাসরি এই ক্রয় প্রক্রিয়াটি সম্পন্ন করা হবে। সরকারি সম্প্রচার সেবার মাধ্যমে দেশের মানুষের কাছে আন্তর্জাতিক ক্রীড়ার বড়ো বড়ো আসর পৌঁছে দেওয়ার সরকারের অঙ্গীকারের প্রতিফলনই এই উদ্যো গ। প্রক্রিয়াটি চূড়ান্ত হওয়ার

পর, দেশব্যাপী ফুটবলপ্রেমীরা বিটিভির মাধ্যমে ফিফা বিশ্বকাপ ২০২৬-এর সরাসরি সম্প্রচার এবং এর সাথে সম্পর্কিত অন্যান্য অনুষ্ঠান উপভোগ করতে পারবেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ আসাদ)

## বাংলাদেশকে যে অনুরোধ করলো রণধীর জয়সওয়াল

অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে অভিযান জোরদার করেছে ভারতের পশ্চিমবঙ্গ ও আসাম রাজ্য সরকার। এই প্রেক্ষাপটে ২ হাজার ৮৬০ জন ব্যক্তির জাতীয়তা যাচাই করতে বাংলাদেশকে অনুরোধ করেছে ভারত। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল গত শুক্রবার বলেন , বাংলাদেশকে ২ হাজার ৮৬০ জনেরও বেশি ব্যক্তির জাতীয়তা যাচাইয়ের অনুরোধ করা হয়েছে। এসব ব্যক্তিরা বাংলাদেশি নাগরিক বলে ধারণা করা হচ্ছে। ওই অনুরোধের এখনো সাড়া মেলেনি। রণধীর জয়সওয়াল আরও বলেন , বাংলাদেশসহ যে-কোনো দেশের নাগরিক যদি অবৈধভাবে ভারতে অবস্থান করেন , তবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য আইন আছে। সে অনুযায়ী পদক্ষেপ নেওয়া হবে। জয়সওয়াল বলেন , এই ব্যক্তিদের নিজ দেশে ফেরত পাঠানোর একটি দ্বিপাক্ষিক প্রক্রিয়া আছে। সেটির আওতায় বাংলাদেশের কাছে তথ্য পাঠানো হয়। জাতীয়তা নিশ্চিত হওয়ার পর ফেরত পাঠানোর প্রক্রিয়া শুরু হয়। নিয়মিত সংবাদ সম্মেলনে জয়সওয়াল আরও বলেন , এ ধরনের বেশ কিছু অনুরোধ বাংলাদেশের কাছে এখনও ঝুলে আছে। সেগুলো যত দ্রুত নিষ্পত্তি হবে, ফেরত পাঠানোর প্রক্রিয়া তত সুশৃঙ্খল হবে। সম্প্রতি অবৈধভাবে ভারতে প্রবেশ করা শত শত বাংলাদেশি সীমান্তে জড়ো হচ্ছেন। পশ্চিমবঙ্গ রাজ্য সরকার ইতোমধ্যেই প্রায় ৪০০ নথিবিহীন বাংলাদেশিকে আটক করেছে। রাজ্যের ভোটার তালিকায় চলমান ‘বিশেষ নিবিড় সংশোধন , বা এসআইআর কার্যক্রমের কারণেও অভিবাসীদের মধ্যে আতঙ্ক তৈরি হয়েছে। নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীও ‘শনাক্ত, বাতিল ও বহিষ্কারের , নীতি নিয়েছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ আসাদ)

## রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে ভূমিকম্প অনুভূত

রাজধানী ঢাকা ও আশপাশের জেলাসহ দেশের বিভিন্ন স্থানে মাঝারি মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। রবিবার রাত ১১টা ৩৬ মিনিটে এই ভূকম্পন অনুভূত হয়। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএস বা অ্যাড্রয়েড আর্থকোয়েক অ্যালার্ট সিস্টেমের প্রাথমিক তথ্যমতে, রিখটার স্কেলে এই ভূমিকম্পের মাত্রা ছিল ৫.৭। এর উৎপত্তিস্থল ছিল ভুটানের পুনাখা শহর থেকে মাত্র ৭ কিলোমিটার দূরে, ভূপৃষ্ঠের গভীরে। ভুটানে ভূমিকম্পটির মূল কেন্দ্রবিন্দু হলেও এর প্রভাবে দক্ষিণ এশিয়ার পাঁচ দেশ কেঁপে উঠেছে। দেশগুলো হলো- বাংলাদেশ, ভুটান, ভারত, নেপাল এবং চীন।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ আসাদ)

## ডিক্যাব ও বাংলাদেশ চীন আপন মিডিয়া ক্লাবের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

চীন ও বাংলাদেশের গণমাধ্যমের মধ্যে সম্পর্ক , পেশাগত যোগাযোগ এবং তথ্য বিনিময় আরও জোরদার করতে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে বাংলাদেশের পররাষ্ট্রনীতি ও আন্তর্জাতিক সম্পর্ক বিটে কর্মরত সাংবাদিকদের সংগঠন ডিপ্লোম্যাটিক করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন , বাংলাদেশ ডিক্যাব এবং বাংলাদেশ -চীন আপন মিডিয়া ক্লাব। রোববার রাজধানী ঢাকায় অবস্থিত আপন ফ্রেন্ডশিপ এক্সচেঞ্জ সেন্টারের কার্যালয়ে এই চুক্তি স্বাক্ষরিত হয় । অনুষ্ঠানে নিজ নিজ সংগঠনের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন ডিক্যাব -এর সাধারণ সম্পাদক ইমরুল কায়েস এবং বাংলাদেশ -চায়না আপন মিডিয়া ক্লাবের সাধারণ সম্পাদক অলিভিয়া ছু। ডিক্যাব -এর অতিথিদের স্বাগত জানিয়ে চায়না মিডিয়া গ্রুপের বাংলা বিভাগের পরিচালক ইউ কু য়াং ইউয়ে আনন্দী বলেন , ‘চীন ও বাংলাদেশের সুসম্পর্ক দীর্ঘদিনের। এর মধ্যে সরকারি পর্যায়ের কূটনৈতিক সম্পর্ক বিশেষ তাৎপর্যপূর্ণ। বাংলাদেশের পররাষ্ট্রনীতি ও আন্তর্জাতিক সম্পর্ক বিটে কর্মরত সাংবাদিকরা খুব কাছ থেকে চীন সম্পর্কে জানতে পারছেন। সাম্প্রতিক বছরগুলোতে ডিক্যাবের সদস্যরা চীন সরকারের আমন্ত্রণে চীন সফরও করেছেন। আজকের এই সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে দুই দেশের গণমাধ্যম সহযোগিতায় এক নতুন দিগন্ত উন্মোচন হলো। আশা করি , এর মাধ্যমে আগামীতে আরও বেশি সাংবাদিক চীন সফর করার সুযোগ পাবেন , যা দুই দেশের মানুষকে পরস্পর কে আরও নিবিড়ভাবে জানতে এবং মৈত্রী দৃঢ় করতে সাহায্য করবে।,(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ আসাদ)

# BBC

## HEGSETH ATTACKS EUROPE OVER MIGRATION WITH BEACH 'INVASION' D-DAY SPEECH

US Defence Secretary Pete Hegseth has criticized European nations over migration for allowing what he described as an "invasion" on their shores, during a D-DAY anniversary speech in France. Hegseth was speaking in Normandy 82 years after allied forces stormed French beaches to liberate Nazi-occupied Europe in 1944. "Sadly today, different European beaches are stormed by different dangerous ideologies," Hegseth said. "Beaches in Spain, in Italy, in Greece and Bulgaria. Boats and men arrive. Migration has become a major political issue across Europe, with parties supporting hardline immigration policies surging in

polls. Hegseth's comments mark a further criticism of European migration policy by senior members of the Trump administration. (BBC News Web Page: 07/06/26, FARUK)

**HUGE CROWDS THRONG MADRID STREETS FOR POPE'S OPEN-AIR MASS**

More than a million people lined the streets of Madrid on Sunday as Pope Leo XIV celebrated an open-air Mass in the Spanish capital, organizers said. He greeted the crowds as he made his way through the city in his popemobile on the second day of his official visit to the country, with King Felipe VI and Queen Letizia among the congregants for his morning service. Worshippers waved Spanish and Vatican flags and shouted "long live the Pope", while others threw petals upon his arrival at the Plaza de Cibeles. During his sermon, he urged those gathered to express their faith by helping others, saying God "identifies with the poor, the downtrodden, those who are alone and forsaken". He said they should not look at religious as "a museum of the past to be visited, but a school of faith from which to draw even today". Authorities mounted a major security operation for the Mass and subsequent procession through central Madrid. (BBC News Web Page: 07/06/26, FARUK)

**IRAN SAYS STAFF BLOCKED FROM ENTERING US AFTER PLAYERS GIVEN WORLD CUP VISAS**

Iran has accused the US of denying visas to "integral" members of its national football team's backroom staff, hours after Washington confirmed Iranian players had been given permission to travel to the upcoming World Cup. US officials said visas had been issued to all players and "necessary support staff" on Friday, 10 days before Iran's opening fixture in Los Angeles on 15 June. They also said Iran would not be allowed to "abuse this system to sneak terrorists into the United States under false pretences". Iran's embassy in Turkey accused the US of "politically biased interference in sport" by denying visas to a "large portion of the managerial and executive staff" and "technical advisers".
(BBC News Web Page: 07/06/26, FARUK)

**ZELENSKY CRITICIZES 'VILE' CHORNOBYL DRONE STRIKE AHEAD OF LONDON TALKS**

UK Prime Minister Sir Keir Starmer will host Volodymyr Zelensky in Downing Street later on Sunday, alongside French President Emmanuel Macron and German Chancellor Friedrich Merz, for talks on European support for Ukraine. Ahead of the meeting, Kyiv officials said a Russian drone had hit a storage facility for spent nuclear fuel near the Chornobyl nuclear plant in the north of Ukraine. They said a fire was put out and there were no injuries, with officials adding that radiation levels remained stable. Zelensky labelled it a deliberate and "vile Russian strike". Separately, at least three people were killed in a Russian strike in a village outside Zaporozhzhia in the South-East of the country, authorities said. Zaporozhzhia has come under relentless Russian attacks recently, with at least two people killed there on Saturday. (BBC News Web Page: 07/06/26, FARUK)

**ARMENIANS GO TO POLLS IN TEST OF PM'S PIVOT TO EUROPE AMID RUSSIAN PRESSURE**

Voting is under way in Armenia's parliamentary election, seen as a test of the government's efforts to forge a peace deal with rival Azerbaijan and loosen ties with Moscow. Prime Minister Nikol Pashinyan and his ruling Civil Contract party are seeking a strong mandate to continue a geopolitical reorientation towards Europe and away from former imperial ruler Russia. The opposition they face includes several parties that are vocally pro-Moscow. Casting his vote on Sunday, Pashinyan said Armenia would continue strengthening its independence, statehood, democracy and rule of law. "The European Union is our main partner in democratic reform implementation and we will continue that path," he said. (BBC News Web Page: 07/06/26, FARUK)

**KOSOVO VOTES AGAIN AMID POLITICAL DEADLOCK, SEEKING EU AND NATO PROGRESS**

Voters in Kosovo headed to the polls for an early parliamentary election, the third in 18 months, in an attempt to unlock a political impasse in the small Balkan nation that is striving to join the European Union and NATO. Sunday's ballot was scheduled after the main political parties failed to agree by a March deadline on who should replace former President Vjosa Osmani. The first inconclusive election in February 2025 left the country without a functioning government for much of last year, forcing a second election in December. The prolonged crisis has negatively affected Kosovo's economy, already hit hard by the global

energy crisis and rising fuel prices. One of the youngest and poorest countries in Europe, it declared independence from Serbia in 2008 after a 1998-99 war, which ended in a NATO bombing campaign that forced Serbia to withdraw.
(BBC News Web Page: 07/06/26, FARUK)

**PAKISTAN OFFICIAL VISITS IRAN WITH 'SPECIAL LETTER' FOR SUPREME LEADER**

Pakistan's Interior Minister Mohsin Naqvi has travelled to Iran to deliver a "special letter" to Iran's Supreme Leader Mojtaba Khamenei as part of diplomatic efforts to end the United States-Israeli war on Iran, which began 100 days ago. Naqvi arrived in the Iranian capital, Tehran, late on Saturday, and met his Iranian counterpart, Eskandar Momeni. The two discussed the "latest regional developments and matters related to internal security", among other issues, Naqvi said on social media. Before his arrival, Iranian media reported that the Pakistani official was carrying a letter from his country's army chief and prime minister for the supreme leader. His visits comes amid renewed tensions in the Gulf region. On Sunday, the US Central Command (Centcom) said its forces had shot down two Iranian one-way attack drones "that threatened international maritime traffic in the Strait of Hormuz".
(BBC News Web Page: 07/06/26, FARUK)

**HUNDREDS OF CAPTIVES FREED FROM BOKO HARAM MOUNTAIN HIDEOUT**

At least 360 people kidnapped by Boko Haram jihadists from a mainly Muslim community in Nigeria's north-eastern Borno state in March have been freed from a remote mountain hideout. The circumstances of how they were freed are disputed. The army says it had launched an unprecedented intelligence-led operation that had been weeks in the planning and taken the Islamist militants by surprise. But a local group, the Borno South Youth Initiative, says it mediated the unconditional release, putting the number of those freed at 416. Mass abductions by groups for ransom have become a common tactic in Nigeria. Boko Haram gained notoriety in 2014 for kidnapping more than 200 schoolgirls from Chibok. That spawned a range of groups that use kidnapping to raise funds, focusing on soft targets such as schools, churches, mosques and remote villages.
(BBC News Web Page: 07/06/26, FARUK)

## :: THE END ::